# ধর্ম আচরণ বিধি

BENGALI DAILY PRAYER BOOK
DAHMMA ACHARAN BIDHI


সংকলক

রায় মোহন বড়ুয়া

তত্ত্বাবধানে ঃ চিন্ময় বড়ুয়া
প্রচ্ছদ ঃ হিরু বড়ুয়া
কম্পিউটার কম্পোজ ঃ ডিজাইনার্স ডেন
০১৭১১ ৫২২ ১১২
০১৯৭৭ ৫২২ ১১২

**প্রথম প্রকাশ ঃ**
মাঘী পূর্ণিমা-২৫৩০ বুদ্ধ বর্ষ
ফেব্রুয়ারী ১০, ১৯৮৭ খ্রিষ্টাব্দ

**প্রথম সংস্করণ ঃ**
বুদ্ধ পূর্ণিমা-২৫৪৪ বুদ্ধ বর্ষ
মে ১৭, ২০০০ খ্রিষ্টাব্দ

**দ্বিতীয় সংস্করণ ঃ**
মাঘী পূর্ণিমা, ২৫৫৮ বুদ্ধ বর্ষ
ফেব্রুয়ারী ৪, ২০১৬ খ্রিষ্টাব্দ

Printed for free distribution by
**The Corporate Body of the Buddha Educational Foundation**
11F., 55 Hang Chow South Road Sec 1, Taipei, Taiwan, R.O.C.
Tel: 886-2-23951198 , Fax: 886-2-23913415
Email: overseas@budaedu.org
Website:http://www.budaedu.org
Mobile Web: m.budaedu.org
**This book is strictly for free distribution, it is not to be sold.**
এই বই সম্পূর্ণ বিনামূল্যে বিতরণের জন্য, বিক্রয়ের জন্য নহে।


**প্রকাশক**
বিদ্যাধরী প্রকাশনা সংস্থার পক্ষে
এ্যানি চৌধুরী
লিজা বড়ুয়া

# সূচী


| বিষয় ঃ | পৃষ্ঠা |
|---|---|
| বন্দনা পর্ব | ১৯-২৭ |
| পূজাদান পর্ব | ২৮-৩১ |
| শীল ও প্রার্থনা পর্ব | ৩২-৩৬ |
| বিবাহ মন্ত্র | ৩৭-৪২ |
| বিবিধ সূত্র | ৪১-৫১ |
| সপ্ত অপরিহানীয় ধর্ম | ৫২-৫৩ |
| মৈত্রী ভাবনা | ৫৩-৫৫ |
| প্রশ্নোত্তরে বুদ্ধ ও বৌদ্ধ ধর্ম উপাসক উপাসিকার পরাজয়ের কারণ ও দশ প্রকার গুণ | ৫৫-৫৯ |

# উৎসর্গ


যাঁদের কথা স্মৃতির মন্দিরে
চির অমলিন থাকবে
আজো শ্রদ্ধার সাথে
স্মরণ করছি
পিতা-দ্বারকানাথ বড়ুয়া
মাতা-বিদ্যাধরী বড়ুয়া
কাকীমা-হেমকুমারী বড়ুয়া



# আশীর্বাণী

ধর্ম আচরণ-বিধি প্রথম সংস্করণ প্রকাশ হচ্ছে জেনে আমি আনন্দিত হয়েছি। প্রাথমিক ধর্মীয় শিক্ষা ও উপদেশ মুলক অনেক গ্রন্থ থাকলেও প্রয়োজনের তুলনায় অপ্রতুল। বাবু রায় মোহন বড়ুয়া কর্তৃক সংকলিত ও প্রচারিত হচ্ছে 'ধর্ম আচরণ বিধি' নামক পুস্তকটি। এটা একটা কুশলকর্ম, এ ধর্মদানের দ্বারা তাঁর নীরোগ দীর্ঘায়ু কামনা করছি, তৎসঙ্গে পুস্তিকাটির বহুল প্রচার কামনা করছি।

**দশম সংঘরাজ পন্ডিত জ্যোতিঃপাল মহাথের**
অধ্যক্ষ
বরইগাঁও কনক চৈত্য মহাবিহার কমপ্লেক্স
লাকসাম, কুমিল্লা



# আশীর্বাণী

পারিবারিক জীবনে বৌদ্ধদের পালনীয় অনেক বিষয় আছে যেগুলিকে আমরা দৈনন্দিনের কর্ম বলে মনে করি। এর মধ্যে বন্দনা, পূজা, দান ও ভাবনা অন্যতম। এর জন্য ইতিমধ্যে অনেক গ্রন্থ প্রণীত হয়েছে। তার মধ্যে প্রিয় উপাসক শ্রী রায় মোহন বড়ুয়া 'ধর্ম আচরণ বিধি' বইটি ক্ষুদ্র হলেও এর তাৎপর্য গভীর। কারণ এটি একটি পকেট বই যা সহজে বহনযোগ্য এবং নিত্যসঙ্গী হিসেবে রাখা যায়। এই বইটি মানুষকে ন্যায় ও নীতিবান হতে এবং সম্যক জীবন গঠনে সহায়ক ভূমিকা পালন করবে। প্রতি মুহূর্তে সৎচিন্তায় প্রণীত করবে। মানুষকে জীবনে সাফল্য অর্জনের জন্য জ্ঞানচর্চা ও সুআচরণ করা অপরিহার্য কর্তব্য বলে মনে করি। যা এ বইয়ের মাধ্যমে অর্জন করা সম্ভব।

তিনি একজন শ্রদ্ধাবান উপাসক, বিনয়ী ও প্রত্যয়ী। তাঁর এ বই জনকল্যাণে নিবেদিত। আমি তাঁর নিরাময় দীর্ঘজীবন কামনা করি। এ বইটি বৌদ্ধদের ঘরে ঘরে সমাদৃত হোক। অনেক সীমাবদ্ধতা সত্ত্বেও বইটি প্রশংসার যোগ্য।

**সকলের শুভ ও মঙ্গল হোক**


আশীর্বাদান্তে

**দ্বাদশ সংঘরাজ ধর্মসেন মহাথের**

অধ্যক্ষ

উনাইনপুরা লংকারাম বিহার

পটিয়া, চট্টগ্রাম, বাংলাদেশ



# আশীর্বাণী

মানুষ যথার্থ সুন্দর এবং সুখী হয় তার সৎআচার আচরণ দ্বারা। সেই আচার আচরণ সমূহ প্রতিদিনের চলার পথে ধর্মীয় গ্রন্থ সমূহে সংগৃহীত তত্ত্ব ও তথ্য সমূহ শিক্ষা আর সৎব্যক্তির সান্নিধ্যে গিয়ে উপদেশাদি গ্রহণ করার মাধ্যমে আয়ত্ত করা যায়। বিন্দু বিন্দু জলরাশির সংস্থাপনে মহাসাগরের অস্তিত্ব প্রকাশ পায়, তেমনি প্রতিটি মুহূর্তের আচার ব্যবহার, বাক্য আলাপ আর সৎচিন্তন মানুষকে মহৎ করে তোলে। বুদ্ধজীবনেও বিদ্যা-আচরণ একদিনে কিংবা এক জীবনের চেষ্টার ফলশ্রুতি নহে। প্রতিটি জীবনের প্রতিক্ষণের কায়-বাক্যে ও মনের কার্য সম্পাদনের মাধ্যমেই বোধিসত্ত্ব সম্যক সম্বুদ্ধত্ব লাভ করেন। কাজেই প্রতিটি মুহূর্ত জ্ঞানমূলকভাবে ব্যয় করলে মানব জীবন সার্থক হয়। এজন্য চাই সচেতন অনুশীলন। শ্রীমান রায় মোহন বড়ুয়া "ধর্ম আচরণ বিধি" নাম দিয়ে পকেট সংস্করণ বুদ্ধ বন্দনা ও নিত্য আচরণীয় মন্ত্র সূত্রাদি

সংকলন করে একটি ক্ষুদ্র আয়তনের পুস্তিকা প্রণয়ন করছে জেনে সত্যিই খুবই আনন্দিত হয়েছি। এটি সহজে বহনযোগ্য। ছোট আকারের এ ধরনের পুস্তিকা নিত্য পাঠে মনের মনি কোঠায় বৌদ্ধ জনোচিৎ আচার আচরণ সহজে আয়ত্ত করতে সুবিধা হবে। সে সর্ব সাধারনের কল্যাণ মিত্রের কাজই করছে। আমি এই পুস্তিকার বহুল প্রচার আশা করি।

**এস ধর্মপাল মহাথের**
২৭ তম সংঘনায়ক
বাংলাদেশ বৌদ্ধ ভিক্ষু মহাসভা
অধ্যক্ষ
শাকপুরা ধর্মানন্দ বিহার
শাকপুরা, বোয়ালখালী, চট্টগ্রাম

# প্রথম প্রকাশের ভূমিকা

ইদানিংকালে বৌদ্ধ পরিবারে বুদ্ধের প্রতি ভক্তিশ্রদ্ধা অনেকাংশে কম দেখা যায়। এর কারণ বুদ্ধ চর্চা করার মত পুস্তকের অভাব। ধর্ম আজ ধর্ম-ব্যবসায়ীদের পাপচক্রে আবর্তিত। তাই বিশ্বময় এত অশান্তি আর অস্থিরতা। এ থেকে মুক্তির উপায় হচ্ছে ঘরে ঘরে ধর্মচর্চা করে মানসিক বিকাশ সাধনে ব্রতী হওয়া।

বন্ধুবর রায় মোহন বড়ুয়া সংকলিত এবং মনোজ কুমার বড়ুয়া প্রকাশিত "ধর্ম আচরণ বিধি" পুস্তিকাটি প্রতিটি বৌদ্ধ পরিবারে সমাদৃত হবে একথা নিঃসন্দেহে বলতে পারি। প্রচেষ্টা যতই ক্ষুদ্র হোক না কেন, এর প্রতিক্রিয়া সুদূর প্রসারী। জেনে আশান্বিত হয়েছি, বুদ্ধভক্ত নরনারীর সার্বিক সহায়তা পেলে এ সৎ-প্রচেষ্টা অব্যাহত গতিতে চালিয়ে নেবার বাসনা পোষণ করেন এঁরা। এঁদের অনুপ্রাণিত করা আমাদের পবিত্র দায়িত্ব বলে মনে করি। এ দুই উদ্যোগী পুরুষকে জানাই আন্তরিক অভিনন্দন। ধন্যবাদ জানাই তাঁদেরও-যারা এ পুস্তিকা প্রকাশে কোন না কোনভাবে জড়িত ছিলেন।

**অনিল বড়ুয়া**

ছতরপিটুয়া

পটিয়া, চট্টগ্রাম

# প্রথম সংস্করণের ভূমিকা

“ধর্ম আচরণ বিধি” প্রথম সংস্করণ প্রকাশিত হচ্ছে শুনে আমি আনন্দ লাভ করেছি। বৌদ্ধ সমাজের প্রত্যেক পরিবারে এবং প্রকৃত একজন বৌদ্ধ ব্যক্তির জন্য প্রাথমিকভাবে এ ক্ষুদ্র পুস্তিকা একান্ত প্রয়োজন। প্রত্যেকের দ্বারা এও সম্ভব হচ্ছে না-ধ্যান বা বিদর্শন ভাবনা সাধনায় মন দেওয়া বা সময় দেওয়া। পারিবারিক জীবনে ধর্মত জীবন যাপন কিভাবে সম্ভব, গ্রন্থাকার বাবু রায় মোহন বড়ুয়া তা সবিশেষ চিন্তা করে আকারে ছোট, কলেবরের সীমাবদ্ধতা রেখে পাঠক-পাঠিকাদের প্রয়োজন অনুভব করে আরো কিছু নতুন বিষয় সংযোজন করেছেন-যা প্রাত্যহিক জীবনে অত্যন্ত প্রয়োজন।

সৎভাবে জীবনযাপনের জন্য ধর্মের আচরণ অত্যাবশ্যক, ধর্মের প্রয়োজনে মানুষ নয়, মানুষের প্রয়োজনে ধর্ম। গ্রন্থাকার মহাশয় এমন আকারে পুস্তিকাটি করেছেন যাতে ইচ্ছামত বহন করা যায় এবং কাজের অবসরে চর্চা করা সম্ভব হয়। একনজরে দেখা সম্ভব তাই পরিচ্ছেদ বা অধ্যায় ভাগ করা হয়নি। সমগ্র পুস্তিকাটি ৫টি পর্বে বিভক্ত করেছেন। যাতে রয়েছে নিত্যপ্রয়োজনীয় বিষয়সমূহ।

ভারত, নব-নালন্দা মহাবিহারে গবেষণা কর্ম শেষে স্বদেশ প্রত্যাবর্তন করে প্রতিবারের মত এবারও প্রথমে কল্যাণমিত্র পিতৃব্য গ্রন্থাকার মহাশয়ের ১২৯, আরামবাগ বাসায় যাই, তিনি পুস্তিকাটি আমার হাতে দিয়ে বলেন, এর প্রথম সংস্করণের ভূমিকা লিখে দিতে হবে, এরূপ একটি ভাল কাজে ব্রতী হতে পারলে ভাল লাগে।

আমি আশা করতে পারি "ধর্ম আচরণ বিধি" পুস্তিকাটি প্রতিটি বৌদ্ধ পরিবারে সমাদৃত হবে।

সকল প্রাণী সুখী হউক।

০৫ মে, ২০০০

**ড. সংঘপ্রিয় মহাথের**
অধ্যক্ষ
পটিয়া কেন্দ্রীয় বৌদ্ধ বিহার ও
কল্যাণ প্রকল্প
পটিয়া পৌরসভা, চট্টগ্রাম

# তৃতীয় সংস্করণের ভূমিকা

বৌদ্ধের ঘরে জন্ম নিলে অথবা মাতা-পিতা বৌদ্ধ হলেই প্রকৃত বৌদ্ধ হওয়া যায় না। কেননা জন্মের দ্বারা নহে কর্মের দ্বারাই মানুষ প্রকৃত বৌদ্ধ হয় এবং শ্রেষ্ঠ হয়, মর্যাদাবান হয়। এ কর্ম হলো সৎকর্ম সে সাথে থাকতে হবে বিনয় যাকে অনেকে সদআচরণও বলেন। বুদ্ধের একটি গুণ হলো তিনি ছিলেন বিদ্যাচরণ সম্পন্ন। জ্ঞানচর্চার দ্বারা, কঠোর সাধনার মাধ্যমে অর্জিত অভিজ্ঞতা সত্যিকার পথে যখনই মানবকল্যাণে উৎসারিত হয় তখনই মানুষ পরিপূর্ণতা লাভ করে। বিদ্যার সঠিক প্রয়োগ করে এবং তা নিজস্ব গতিপথে তথা আচরণের মাধ্যমেই বিকশিত হয়। এ স্তরে পৌঁছাতে সাধনা অথবা গ্রন্থ পাঠের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। তাই মানুষকে শিক্ষিত হলে চলেনা আচরণ সম্পন্ন হতে হয়। এগুলি অর্জিত হয় বন্দনা, পূজা, দান, শীল ও ভাবনার দ্বারা। বিন্দু বিন্দু বারি দ্বারা যেমন বিরাট জলরাশির সৃষ্টি হয় তেমনি আচরণ, ব্যবহার বিনয় ও সৎচিন্তা মানুষকে মনুষ্যত্ব দান করে, মানবজীবন সার্থক হয়।

মনে রাখতে হবে সুন্দর জীবন যাপনের জন্য ধর্মাচরণ অত্যাবশ্যক। বৌদ্ধ ধর্ম ও দর্শন বিরাট বিষয় এগুলির চর্চা বর্তমানে আধুনিক জীবন ধারায় সকলের পক্ষে সম্ভব নয়। বিজ্ঞানের অতুলনীয় উন্নতি যেমন জীবনকে উপভোগ্য ও সহজ করেছে, তেমনি আবার মনোজগত থেকেও দূরে সরিয়ে নিয়েছে। এ সময়ে এমন একটি পকেট বই দরকার যেটা সব সময় পাশে রাখা যায়। যেটা প্রতি ক্ষণে ক্ষণে মানুষকে সুশীল ও আচরণ সম্পন্ন করতে সহায়ক। তেমনি একটি বই ‘ধর্ম আচরণ বিধি’। আমি বিশ্বাস করি এরকম

বই প্রত্যেক পরিবারে থাকা উচিত এবং প্রতিটি বৌদ্ধদের নিত্যসঙ্গী হওয়া উচিত। বইটি পাঁচটি ভাগে বিভক্ত হয়ে ব্যবহারিক জীবনে বৌদ্ধদের পালনীয় কর্তব্য সম্পর্কে যথেষ্ট দিক নির্দেশনা দিয়েছে। লেখক প্রীতিভাজন শ্রী রায় মোহন বড়ুয়া একজন গুণী মানুষ, বিশিষ্ট সমাজসেবক, দয়াবান, সংস্কৃতির ধারক এবং মানবতাবাদী ব্যক্তিত্ব। সে সাথে শীলবান ও ধর্মপরায়ণ। আমি মনে করি নিজের জীবন সাধনার মধ্য দিয়ে তিনি এরকম বইয়ের অভাব অনুভব করেছেন তাই এ প্রয়াসকে সাধুবাদ জানাই। বইটির অন্যতম আকর্ষণ পরিণয় পদ্ধতি তথা বিবাহমন্ত্র। এটি সঙ্গে থাকলে প্রয়োজনে সৎভাবে ব্যবহার করা যায়। অনেক বিবাহে মন্ত্রদাতার অভাব হয় সে সময় এটি সে শূন্যতা পূরণ করবে। অধিকন্তু সপ্ত অপরিহার্য ধর্মের কথা লিপিবদ্ধ করেও তিনি সমাজ, দেশ ও জাতির কল্যাণ করেছেন। যেখানে বিহার নাই ভিক্ষু নাই সেখানে কিভাবে অষ্টশীল পালন করতে হয় তার নির্দেশনাও বিদ্যমান। বইটি ক্ষুদ্র কিন্তু মূল্যবান। এখানে প্রয়োজনীয় অনেক উপাদান আছে। এটা একটি শিক্ষা ও উপদেশনামূলক প্রকাশ। লেখক বিষয় নির্বাচনেও সার্থক এবং যথার্থ বলে মনে করি। এটা বৌদ্ধদের মধ্যে স্থান করে নেয়ার মত বই। বই লেখা একটি কুশল কর্ম এটা এক প্রকার দান। যার নাম হল ধর্মদান। আমি এ ধরনের বই রচনার জন্য লেখককে অভিনন্দন জানাচ্ছি এবং তার নিরাময় দীর্ঘজীবন কামনা করছি। তিনি আমার কল্যাণমিত্র। আমাকে তাঁর বই সম্পর্কে কিছু লেখার জন্য অনুরোধ জানিয়ে তিনি আমাকেও ধন্য করেছেন।

আমরা বুদ্ধচর্চা ভুলে যাচ্ছি, তদুপরি ভাল গ্রন্থেরও অভাব। সেই

পটভূমিকায় এ বই মানসিক বিকাশ ঘটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। প্রিয় রায় মোহন বড়ুয়ার এখন অখন্ড অবসর। তিনি প্রত্যয়ী কলম সৈনিক। আশা করি ভবিষ্যতেও আরও মূল্যবান ও যুগপোযোগী বই উপহার দিয়ে সমাজকে আলোকিত করবেন।

আমি এ বইয়ের বহুল প্রচার ও প্রসার কামনা করছি। অশান্ত বিশ্বে মনের শান্তি আনয়নে এবং সমাজে নীতিবান ও শীলবান চরিত্র সৃজনে এ বই কালজয়ী ভূমিকা পালন করুক।

০৫ জানুয়ারী, ২০১৬

**ড. প্রণব কুমার বড়ুয়া**
মহাসচিব
বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ
সম্মানিত সদস্য
উপদেষ্টা পরিষদ
বাংলাদেশ আওয়ামী লীগ
ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহার
সবুজবাগ, ঢাকা, বাংলাদেশ

# সংকলকের কথা

‘ধর্ম আচরণ বিধি’ এমন একটি পুস্তিকা যা সহজে বহনযোগ্য এবং প্রয়োজন মূহুর্তে বুদ্ধ-বন্দনাদি নিবেদনে সহায়ক। বৌদ্ধ সমাজে ধর্মীয় চেতনাবোধ চির জাগ্রত রাখতে হাজারো বৌদ্ধ ধর্ম ও উপাসনা মূলক ধর্মীয় গ্রন্থাদি থাকার পরও এ পুস্তিকাটির দ্বিতীয় সংস্করণের প্রয়োজন অনুভব করেছি সহৃদয় পাঠক পাঠিকাগণের চাহিদার পরিপ্রেক্ষিতে। এ সংস্করণে আরো নিত্য প্রয়োজনীয় বিষয়াদি সংযুক্ত করা হলো যা পাঠক পাঠিকাবর্গের মনের চাহিদা মিটাবে বলে আমার একান্ত বিশ্বাস।

এ সংস্করণে সংঘরাজ ভিক্ষু মহাসভার মহামান্য দশম সংঘরাজ পন্ডিত জোতিঃপাল মহাথের এবং মান্যবর দ্বাদশ সংঘরাজ ড. ধর্মসেন মহাস্থবির ও বাংলাদেশ বৌদ্ধ ভিক্ষু মহাসভার মাননীয় সাতাশতম সংঘনায়ক বিচিত্র ধর্ম কথিক ড. এস. ধর্মপাল মহাথের আশীর্বাণী প্রদানে পুস্তিকার সৌষ্ঠব বৃদ্ধি করে আমাকে কৃতার্থ করেছেন। আমি তাঁদের প্রতি কৃতজ্ঞ এবং বিনম্র শ্রদ্ধা ও বন্দনা জ্ঞাপন করছি।

উল্লেখ্য যে, “ধর্ম আচরণ বিধি” প্রথম প্রকাশনার দায়িত্বভার গ্রহণ করে বাবু মনোজ কুমার বড়ুয়া আমাকে করেছেন চিরকৃতজ্ঞ। কৃতজ্ঞতার সাথে স্মরণ করি বন্ধুবর প্রয়াত অনিল বড়ুয়া, তিনিই প্রথম ভূমিকা লিখে দিয়ে কৃতার্থ করেছেন। এছাড়া প্রথম সংস্করণ, প্রকাশনার সমুদয় ব্যয়ভার গ্রহণ করে জেমস্ পাবলিকেশনের পক্ষে বাবু স্বপন বড়ুয়া চৌধুরী ও তদীয় ধর্মনিষ্ঠা সহধর্মিনী শ্রীমতি ঝিনু বড়ুয়া চৌধুরী আমাকে ধন্য ও কৃতার্থ করেছেন। তাদের প্রতি আমার কৃতজ্ঞতা রইল।

আমার স্নেহধন্য দুই সুযোগ্যা পুত্র বধু এ্যানী চৌধুরী ও লিজা বড়ুয়া এ সংস্করণের প্রকাশনার দায়ভার গ্রহণ করায় তাদের সার্বিক সুখ-শান্তি ও নীরোগ দীর্ঘজীবন কামনা করছি। আমার স্নেহভাজন বড় ছেলে চিন্ময় বড়ুয়া রিন্টু সারাক্ষণ তার ব্যবসায়িক ও নানাবিধ কর্ম ব্যস্ততা সত্ত্বেও সংস্করণের সার্বিক তত্ত্বাবধান ও তাইওয়ানস্থ "দি বুদ্ধ এডুকেশন ফাউন্ডেশন" সংস্থার মাধ্যমে মুদ্রণের ব্যবস্থা করে আমাকে অভিভূত করেছে। তদুপরি আমার স্নেহাষ্পদ ছোট ছেলে হিরু বড়ুয়া তার সৃষ্টিশীল মনোজ্ঞ প্রচ্ছদ তৈরী করে দিয়ে পুস্তিকার শ্রীবৃদ্ধি সাধন করে কৃতিত্বের পরিচয় দিয়েছে।

তাদের মৈত্রীময় শুভাশিষ ও মঙ্গলময় নিরাপদ দীর্ঘ জীবন কামনা করছি। নিয়ত গৃহকর্মে সদা-ব্যস্ত থেকেও যার অনুপ্রেরনায় এ সংকলন, সে আমার স্বল্পভাষিনী, হাস্যোজ্জল, ধর্মপরায়না সহধর্মিনী স্মৃতিকণা বড়ুয়া। তার প্রতি রইল আমার প্রাণঢালা শুভাশিষ।

প্রথম সংস্করণের ভূমিকা ও বর্তমান সংস্করণের প্রুফ দেখে এবং সংযোজনের পরামর্শ দিয়ে পুস্তিকার শ্রীবৃদ্ধি সাধন করেছেন আমার পরম হিতৈষী ও মৈত্রীকামী ড. সংঘপ্রিয় মহাথেরো, অধ্যক্ষ, পটিয়া কেন্দ্রীয় বৌদ্ধ বিহার ও কল্যাণ প্রকল্প, পটিয়া, চট্টগ্রাম, তাঁর নিরাপদ দীর্ঘায়ূ কামনা করছি। এ সংস্করণের বস্তুনিষ্ঠ ভূমিকা লিখেছেন সর্বজন বিদিত, বিদগ্ধ পন্ডিত বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘের মহাসচিব ও বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সম্মানিত সদস্য ড. প্রণব কুমার বড়ুয়া যা পুস্তিকাটির

গুরুত্ব বৃদ্ধি করেছে। তাঁর প্রয়াসে আমি গৌরবান্বিত, তাঁর প্রতি রইল আমার আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ।

এ সংস্করণ মুদ্রণে যাদের অবদান রয়েছে তাদের মধ্যে প্রিয়ভাজন দেবপ্রিয় বড়ুয়ার নাম উল্লেখযোগ্য। এছাড়া পুস্তিকার শোভাবর্ধন ও প্রুফ সংশোধনে সহযোগিতা করে যারা স্মরণীয় ও বরণীয় হয়ে থাকবেন তাঁরা হলেন শ্রদ্ধেয় শ্রীমৎ ধর্মানন্দ থের, ধর্মরাজিক বৌদ্ধ মহা বিহার, ঢাকা, সুজিত বড়ুয়া ও বন্ধুবর সনৎ কুমার বড়ুয়া। তাঁদের প্রতি আমার মৈত্রীময় শুভেচ্ছা ও ধন্যবাদ। সুপরামর্শদাতা সকল সুহৃদদের প্রতি রইল আমার আন্তরিক ধন্যবাদ।

এ পুস্তিকাটি যাতে প্রমাদ শুন্য হয় সেজন্য বিশেষ চেষ্টা করা হয়েছে। তৎসত্ত্বেও যদি কোন ক্রুটি থেকে যায় তার জন্য ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ করছি। এ পুস্তিকাটি বুদ্ধের আদর্শে অনুপ্রাণিত ভক্তদের সদ্ধর্মের প্রতি আগ্রহ বৃদ্ধি ও বৌদ্ধ আদর্শে উজ্জীবিত হলে আমার শ্রম স্বার্থক মনে করবো।

ভবতু সব্ব মঙ্গলং

বুদ্ধ পূর্ণিমা, ২৫৬০ বুদ্ধাব্দ
মে ২১, ২০১৬ খ্রিষ্টাব্দ

রায় মোহন বড়ুয়া
সংকলক
শাকপুরা লালচাঁদ ভবন
বোয়ালখালী, চট্টগ্রাম

# বন্দনা পর্ব

## বুদ্ধ বন্দনা

নমো তস্‌স ভগবতো অরহতো সম্মাসম্বুদ্ধস্‌স । (৩ বার)

## *নবগুণ সম্পন্ন বুদ্ধ বন্দনা*

ইতিপি সো ভগবা অরহং সম্মাসম্বুদ্ধো, বিজ্জাচরণ সম্পন্নো, সুগতো, লোকবিদু, অনুত্তরো পুরিসধম্ম সারথী, সত্থা দেবমনুস্‌সানং বুদ্ধো ভগবা'তি । বুদ্ধং জীবিতপরিযন্তং সরণং গচ্ছামি । যে চ বুদ্ধা অতীতা চ, যে চ বুদ্ধা অনাগতা পচ্চুপন্না চ যে বুদ্ধা, অহং বন্দামি সব্বদা । নত্থি মে সরণং অঞ্‌ঞং, বুদ্ধো মে সরণং বরং, এতেন সচ্চবজ্জেন, হোতুমে জযলমঙ্গলং । উত্তমঙ্গেন বন্দে'হং, পাদপংসু বরুত্তমং । বুদ্ধে যো খলিতো দোসো, বুদ্ধো খমতু তং মমং ।

## ছয়গুণ সম্পন্ন ধর্ম বন্দনা

স্বাক্‌খাতো ভগবতা ধম্মো, সন্দিটঠিকো, অকালিকো, এহিপস্‌সিকো, ওপানাযিকো পচ্চত্তং বেদিতব্বো বিঞ্‌ঞুহীতি । ধম্মং জীবিতপরিযন্তং সরণং গচ্ছামি । যে চ ধম্মা অতীতা চ, যে চ ধম্মা অনাগতা, পচ্চুপ্পন্না চ যে ধম্মা, অহং বন্দামি সব্বদা । নত্থিমে সরণং অঞ্‌ঞং, ধম্মো মে সরণং বরং, এতেন সচ্চবজ্জেন, হোতু মে জযমঙ্গলং । উত্তমঙ্গেন বন্দে'হং ধম্মঞ্চ তিবিধং বরং । ধম্মো যে খলিতো দোসো, ধম্মো খমতু তং মমং ।

# নবগুণ সম্পন্ন সংঘ বন্দনা

সুপটিপন্নো ভগবতো সাবকসঙ্ঘো, উজুপটিপন্নো ভগবতো সাবকসঙ্ঘো, ঞাযপটিপন্নো ভগবতো সাবকসঙ্ঘো, সামীচি পটিপন্নো ভগবতো সাবকসঙ্ঘো, যদিদং চত্তারি পুরিসযুগানি, অটঠ্পুরিসপুগ্গলা, এস ভগবতো সাবকসঙ্ঘো, আহুণেয্যো, পাহুণেয্যো, দকখিণেয্যো, অঞ্জলি করণীয্যো, অনুত্তরং পুঞ্ঞক্খেত্তং লোকস্সাতি। সংঘং জীবিতপরিযন্তং সরণং গচ্ছামি। যে চ সঙ্ঘা অতীতা চ, যে চ সঙ্ঘা অনাগতা, পচ্চুপ্পন্না চ যে সঙ্ঘা, অহং বন্দামি সব্বদা। নত্থি মে সরণং অঞ্ঞং, সঙ্ঘো মে সরণং বরং, এতেন সচ্চবজ্জেন, হোতুমে জযমঙ্গলং। উত্তমঙ্গেন বন্দে'হং, সঙ্ঘঞ্চ দ্বিবিধুত্তমং, সঙ্ঘে যো খলিতো দোসো, সঙ্ঘো খমতু তং মমং।

## ত্রিরত্ন বন্দনা

যো সন্নিসিন্নো বরবোধিমূলে
মারং সসেনং মহতিং বিজেত্বা,
সম্বোধিমাগঞ্চি অনন্তঞাণো
লোকুত্তমো তং পণমামি বুদ্ধং ।
অট্ঠঙ্গিকো অরিযপথো জনানং
মোক্খপ্পবেসোযুজুকোব মগ্গো ।
ধম্মো অযং সন্তিকরো পণীতো
নিয্যাণিকো তং পণমামি ধম্মং ।
সঙ্ঘো বিসুদ্ধো বর-দক্খিণেয্যো
সন্তিন্দ্রিযো সব্বমলপ্পহীনো,
গুণেহিনেকেহি সমিদ্ধিপত্তো
অনাসবো তং পণমামি সঙ্ঘং ।

## বুদ্ধ, পচ্চেক বুদ্ধ, ধর্ম, সংঘ, আচার্য্য উপাধ্যায় ও সকল চৈত্য বন্দনা

বুদ্ধা ধম্মা চ পচ্চেকবুদ্ধা সংঘা চ সামিকা,
দাসোব'হম্মি মে তেসং গুণং ঠাতু সিরে সদা ।
তিসরনং তিলক্খানুপেক্খং নিববাণমন্তিমং,
সুবন্দে সিরসা নিচ্চং, লভামি তিবিধমহং ।
তিসরণঞ্চ সিরে ঠাতু সিরে ঠাতু তিলক্খণং,
উপেক্খা চ সিরে ঠাতু, নিব্বাণং ঠাতু মে সিরে ।
বুদ্ধে সকরুণ বন্দে, ধম্মে পচ্চেক সম্বুদ্ধে,

সংঘে চ সিরসা যেব, তিধা নিচ্চং নমামহং ।
নমামি সত্থুনোবাদপ্পমাদ বচনন্তি মং
সব্বে পি চেতিযে বন্দে উপজ্ঝাচরিযে মমং
মযং পণামতেজেন চিত্তং পাপেহি মুঞ্চতংতি ।
বন্দামি চেতিযং সব্বং, সব্বট্‌ঠানেসু পতিট্‌ঠিতং ।
সারীরিকধাতুং মহাবোধিং বুদ্ধরূপং সকলং সদা ।

## অষ্টবিংশতি বুদ্ধ বন্দনা

তণহঙ্করো মহাবীরো মেধঙ্করো মহাযসো,
সরণঙ্করো লোকহিতো দীপঙ্করো জুতিন্ধরো ।
কোন্ডঞ্‌ঞো জনপামোক্‌খো মঙ্গলো পুরিসাসভো,
সুমনো সুমনো ধীরো রেবতো রতিবদ্ধনো ।
সোভিতো গুণসম্পন্নো অনোমদস্‌সী জনুত্তমো,
পদুমো লোকপজ্জোতো নারদো বরসারথি ।
পদুমুত্তরো সত্তসারো সুমেধো অগ্‌গপুগ্‌গলো,
সুজাতো সব্বলোকগ্‌গো পিযদস্‌সী নরাসভো ।
অত্থদস্‌সী কারুণিকো ধম্মদস্‌সী তমোনুদো,
সিদ্ধাত্থো অসমো লোকে তিস্‌সো বরদসংবরো ।
ফুস্‌সো বরদসম্বুদ্ধো বিপস্‌সী চ অনুপমো,
সিখী সব্বহিতো সত্থা বেস্‌সভূ সুখদাযকো ।
ককুসন্ধো সত্থবাহো কোণাগমনো রণঞ্জহো,
কস্‌সপো সিরিসম্পন্নো গোতমো সক্যপুঙ্গবো ।
অট্‌ঠবীসতি'মে বুদ্ধা নিব্বাণমতদাযকা,
নমামি সিরসা নিচ্চং তে মে রক্‌খন্তু সব্বদা ।

## বোধি-বন্দনা

১।  সখা সুনীলাযতনেত্তহারী
কন্তম্বুধারা নিপাতেন সিঞ্চং
পূজেসি তং সত্তদিনানি বোধি-রাজং
বিরাজং সিরসা নমামি।

২।  মুলে দুমিন্দস্স নিসজ্জ যস্স
ধীরো সুবোধি চতুসচ্চমগ্গং,
মারং জিনিত্বা সমারং মুনিন্দো
তম্পাদপিন্দং সিরসা নমামি।

৩।  যস্সমূলে নিসিন্নো'ব, সব্বারি-বিজযং অকা,
পত্তো সব্বঞ্ঞুতং সখা বন্দে তং বোধি-পাদপং।

৪।  ইমেহেতে মহাবোধি লোকনাথেন পূজিতা,
অহম্পি তে নমস্সামি, বোধিরাজা নমত্থূতে।

৫।  ইন্দনীলবণ্ণপত্তসেতখন্ধ ভাসুরং,
সত্থুনেত্ত পঙ্কজাভি পূজিততগ্গ সাতদং,
অগ্গবোধি নাম বামদেবরুক্খবন্নিতং,
তং বিসালবোধিপাদপং নমামি সব্বদা।

## সপ্ত মহাস্থান বন্দনা

পঠমং বোধিপল্লঙ্কং, দুতিযং অনিমিসম্পি চ,
ততিযং চঙ্কমণং সেট্ঠং, চতুত্থং রতনঘরং।
পঞ্চমং অজপালঞ্চ, মূচলিন্দঞ্চ ছট্ঠমং,
সত্তমং রাজাযতনং বন্দে তং বোধিপাদপং।

## অষ্ট মহাস্তূপ বন্দনা

একো থূপো রাজগহে, একো বেসালিযাপুরে,
একো কপিলবত্থুস্মিং, একো চ অল্লকপ্পকে ।
একোসি রামগামস্মিং, একো চ বেঠদীপকে,
একো পাবেয্যকে মল্লে, একো চ কুসীনারকে ।
এতে অট্ঠ মহাথুপা জম্বুদীপে পতিটিঠতা,
পূজিতা নরদেবেহি তা'পি বন্দামি সব্বদা ।

## বুদ্ধের দন্ত ধাতু বন্দনা

একা দাঠা তিদসপুরে একা নাগপুরে আহু,
একা গন্ধারবিসযে, একাসি পুন সীহলে ।
চতস্সো তা মহাদাঠা নিব্বানরসদীপিকা,
পূজিতা নরদেবেহি তা'পি বন্দামি ধাতুযো ।

## বুদ্ধের শ্রীপাদ বন্দনা

যং নম্মদায নদিযা পুলিনে চ তীরে
যং সচ্চবদ্ধগিরিকে সুমনা চ লগ্নে,
যং তত্থ যোনকপুরে মুনিনো চ পাদং
তং পাদ-লাঞ্ছনবরং সিরসা নমামি ।

# ত্রিরত্ন, বোধি ও সমস্ত ধাতু একত্রে বন্দনা

বুদ্ধং ধম্মঞ্চ সজ্ঘং সুগত-তনুভবং ধাতুযো ধাতুগব্ভে
লঙ্কাযং জম্বুদীপে তিদসপুরবরে নাগলোকে চ থূপে ।
সব্বে বুদ্ধস্স বিম্বে সকল দসদিসে কেস-লোমাদিধাতুং
বন্দে সব্বেপি বুদ্ধং দসবল-তনুজং বোধিচৈত্যং নমামি ।

# বুদ্ধ বর্ণিত চারি মহা চৈত্য বন্দনা

যং লুম্বিণীজাত চেত্যং বোধিপল্লঙ্ক মুত্তমং,
ইসীপতন চেত্যং চ পরিনিব্বাণ চেতিযং,
বুদ্ধ বন্নিতানেতানি চেতিযানি নমাম্যহং ।

# ত্রিচৈত্য বন্দনা

বন্দামি চেতিযং সব্বং সব্বট্ঠানেসু পতিট্ঠিতং
সারীরিক ধাতুং মহাবোধিং বুদ্ধরূপং সকলং সদা ।

## পঞ্চগুণ বন্দনা

বুদ্ধ গুণং অনন্ত
ধম্ম গুণং অনন্ত
সংঘ গুণং অনন্ত
মাতাপিতু গুণং অনন্ত
আচারিয গুণং অনন্ত
পঞ্চ গুণং অহং বন্দামি সব্বদা

বিঃ দ্রঃ- উপরিউক্ত মন্ত্রটি যেকোন শুভ কার্যারম্ভে বা কোন স্থানে যাত্রাকালে মনে মনে উচ্চারণ করলে, সম্পূর্ণ মন্ত্র পাঠ করতে না পারলেও শুধু 'অরহং সম্মাসম্বুদ্ধ পঞ্চগুণং অহং বন্দামি সব্বদা' উচ্চারণ করলেও সুফল পাওয়া যায়।

## সীবলী বন্দনা

সীবলীযং মহাথের লাভিনং সেট্‌ঠ তং গতো,
মহন্তং পুঞ্‌ঞবন্তং তং অভিবন্দামি সব্বদা।

## উপগুপ্ত মহাথের বন্দনা

ইদ্ধিমন্তো জ্যোতিমন্তো মহামারং পমদ্দনো,
সাসনো রক্‌খিতো সন্তো কপ্পকালো অধিট্‌ঠিতো,
লোকালযং বজ্জিত্বা মহাসমুদ্দে বসিতো মুণি;
তং উপগুত্তং পুজিত্বা অহং বন্দামি সব্বদা।
ইদং পুজং অনুমোদিত্বা থেরো মহাকরুণিকো,
সব্ব মারং অন্তরাযং পমাদন্তো।

## ভিক্ষু বন্দনা

ওকাস বন্দামি ভন্তে, দ্বারত্তযেন কতং সব্বং অপরাধং খমতু মে ভন্তে । দুতিযম্পি, ততিযম্পি ।

## ভিক্ষু সংঘ বন্দনা

ওকাস অহং ভন্তে সজ্ঘং বন্দামি, দ্বারত্তযেন কতং সব্বং অপরাধং খমতু মে ভন্তে সজ্ঘো । দুতিযম্পি, ততিযম্পি ।

## পিতৃ বন্দনা

দযায পরিপুন্নো'ব জনকো যো পিতা মম,
পোসেসি বুদ্ধিং কারেসি বন্দে তং পিতরং মম ।

**বাংলা ঃ** দয়ায় পরিপূর্ণ যে পিতা আমাকে লালন-পালন করেছেন এবং আমার শিক্ষা-দীক্ষায় জ্ঞান বুদ্ধি বিকশিত করেছেন, সেই পিতাকে আমি বন্দনা করছি ।

## মাতৃ বন্দনা

কত্বান কাযে রুধিরং খীরং যা সিনেহপুরিতা,
পাযেত্বা মং সংবড্ঢেসি বন্দে তং মম মাতরং ।

**বাংলা ঃ** যেই স্নেহময়ী জননী স্বীয় স্তন্য পান করিয়ে, আমাকে পালন করেছে সেই মাতাকে আমি বন্দনা করছি ।

# পূজা দান পর্ব

## সীবলী পূজা

ইতিপি সো অরহং লাভীনং অগ্‌গোসেটঠো সীবলী নাম মহাথেরং ইমেহি নানাবিধেহি খজ্জ-ভোজ্জ দীপ-পুপফ-ধুপ উদকাদীহি পূজোপচারেহি পুজেমি পুজেমি। ইমিনা পুজা-সক্কারানুভাবেন যাব নিব্বানস্‌স পত্তি তাব জাতি জাতিযং সুখ-সম্পত্তি সমঙ্গি ভূতেন সংসরিত্বা নিব্বানং পাপুনিতুং পত্থনং করোমি। দুতিযম্পি, ততিযম্পি।

## বৃক্ষস্থিত পুষ্প দান

(বৃক্ষে প্রস্ফুটিত পুষ্প চয়ন না করে বুদ্ধের উদ্দেশ্যে উৎসর্গ করা)

কুসুমং ফুল্লিতং এতং পগ্‌গহেত্বান অঞ্জলিং,
বুদ্ধ সেটঠং সরিত্বান আকাসেমপি পূজযে।

## পুষ্প পূজা

বন্নগন্ধ-গুণোপেতং এতং কুসুমসন্ততিং,
পূজযামি মুনিন্দস্‌স সিরিপাদ-সরোরুহে।
পূজেমি বুদ্ধং কুসুমেন তেন
পুঞ্‌ঞেন মে তেন চ হোতু মোক্‌খং।
পুপ্‌ফং মিলাযতি যথা ইদং মে,
কাযো তথা যাতি বিনাসভাবং। দুতিযম্পি, ততিযম্পি।

## প্রদীপ পূজা

ঘনসারপ্পদিত্তেন দীপেন তমধংসিনা,
তিলোকদীপং সম্বুদ্ধং পূজযামি তমোনুদং ।
দুতিযম্পি, ততিযম্পি ।

## আহার দান

অধিবাসেতু নো ভন্তে ভোজনং পরিকপ্পিতং,
অনুকম্পং উপাদায পতিগণহাতু উত্তমং ।
দুতিযম্পি, ততিযম্পি ।

## পানীয় দান

অধিবাসেতু নো ভন্তে পানীযং পরিকল্পিতং,
অনুকম্পং উপাদায পতিগণহাতু উত্তমং ।
দুতিযম্পি, ততিযম্পি ।

## ধুপাদি সুগন্ধি দান

গন্ধ-সম্ভারযুত্তেন ধুপেনাহং সুগন্ধিনা,
পূজযে পূজনেয্যন্তং পূজা ভাজন মুত্তমং । দুতিযম্পি, ততিযম্পি ।

## গিলান প্রত্যয় দান

অধিবাসেতু নো ভন্তে গিলান পচ্চযো-ভেসজ্জং পরিকপ্পিতং,
অনুকম্পং উপাদায পতিগ্ণহাতু মুত্তমং । দুতিযম্পি, ততিযম্পি ।

## ভেষজ দান (ঔষধ)

অধিবাসেতু নো ভন্তে-ভেসজ্জং পরিকপ্পিতং,
গিলান-পচ্চযমিদং-নানারসা সমন্নিতং;
অনুকম্পং উপাদায-পতিগণ্হাতুমুত্তমং। দুতিযম্পি, ততিযম্পি।

## পতিপত্তি পূজা

ইমায ধম্মানুধম্মা পটিপত্তিযা বুদ্ধং পূজেমি
ইমায ধম্মানুধম্মা পটিপত্তিযা ধম্মং পূজেমি
ইমায ধম্মানুধম্মা পটিপত্তিযা সংঘং পূজেমি
অদ্বা ইমায ধম্মানুধম্মা পটিপত্তিযা জাতি-জরা
ব্যাধি-মরণম্হা পরিমুঞ্চিস্‌সামি। দুতিযম্পি, ততিযম্পি।

## তৈয়ারী কঠিন চীবর দান

ইমং কঠিনচীবরং ভিক্‌খু সঙ্ঘস্‌স দেম,
কঠিনং অত্থরিতুং,
দুতিযম্পি ইমং কঠিনচীবরং ভিক্‌খু সঙ্ঘস্‌স দেম,
কঠিনং অত্থরিতুং,
ততিযম্পি ইমং কঠিনচীবরং ভিক্‌খু সঙ্ঘস্‌স দেম,
কঠিনং অত্থরিতুং।

## সঙ্ঘ দান

ইমং ভিক্খং সপরিক্খারং ভিক্খু সঙ্ঘস্স
দেম, পূজেম ।
দুতিযম্পি, ইমং ভিক্খং সপরিকখারং
ভিক্খু সঙ্ঘস্স দেম, পূজেম ।
ততিযম্পি, ইমং ভিক্খং সপরিক্খারং
ভিক্খু সঙ্ঘস্স দেম, পূজেম ।

## অষ্ট পরিষ্কার দান

ইমং ভিক্খং সহ অট্ঠ পরিক্খারং ভিক্খুসঙ্ঘস্স দেম,
সক্কচং পূজেম ।" দুতিযম্পি, ততিযম্পি ।
"ইদং মে পুঞ্ঞং অনাগতে-
এহি ভিক্খু ভাবায পচ্চযো হোতু ।"

## পুকুরের জল তর্পন (উৎসর্গ)

"ইমং তালকস্স উদকং তিরতনানুভাবেন পরিসুদ্ধাতু; পচ্চুনো অভিবস্সতু ।" দুতিযম্পি, ততিযম্পি ।

# শীল ও প্রার্থনা পর্ব

## ত্রিরত্নের নিকট ক্ষমা প্রার্থনা

কাযেন বাচা চিত্তেন পমাদেণ মযা কতং
অচ্চযং খমমে ভন্তে ভূরি পঞ্ঞ তথাগত
কাযেন বাচা চিত্তেন পমাদেন মযা কতং
অচ্চযং খমমে ধম্ম সন্দিট্ঠিক অকালিক
কাযেন বাচা চিত্তেন পমাদেনা মযা কতং
অচ্চযং খমমে সংঘ সুপটিপন্ন অনুত্তর

## ক্ষমা প্রার্থনা

১। তিরতনেসু কাযেন বাচায মনসাপি চ,
পমাদেন কতং ভন্তে সব্বদোসং খমন্তু মে
২। তেসু কতঞ্জলি কম্মস্সানুভাবেন সব্বদা,
অজ্ঝত্তিকা চ বহিদ্ধা রোগা ছন্নবুতিবিধা,
৩। বত্তিংস কম্মকরণা পঞ্চবীসতি ভেরবা,
সোলসুপদ্দবা চাপি দন্ডং দোসা দসট্ঠ চ।
৪। পঞ্চবেরানি চত্তারো অপযা চ তযোপি চ
কপ্পা চ ইতি সব্বেতে বিনস্সন্তু অসেসতো।
৫। ইচ্ছিতং পত্থিতং চাপি খিপ্পমেব সমিজঝতু,
দীঘং চ হোতুমে আযু সংসারে সব্বজাতিসু।
৬। সংসারে সঞ্চরন্তো চ লভিত্বা লোকিযং সুখং,
ন চিরং মগ্গং লদ্ধান নিব্বানং পাপুনিস্সাহং।

## পঞ্চশীল প্রার্থনা

সংসারবত্ত দুক্‌খতো মুঞ্চিত্বা নিব্বাণং সচ্চিকরণত্থায ওকাস অহং ভন্তে তিসরণেন সহ পঞ্চসীলং ধম্মং যাচামি, অনুগ্‌গহং কত্বা সীলং দেথ মে ভন্তে। দুতিযম্পি, ততিযম্পি।

## পঞ্চশীল অধিষ্ঠান

সংসারবত্ত দুক্‌খতো মুঞ্চিত্বা নিব্বাণং সচ্চিকরণত্থায ওকাস অহং ভন্তে তিসরণেন সহ পঞ্চসীলং ধম্মং অধিঠ্‌ঠামী। দুতিযম্পি, ততিযম্পি।

## ত্রিশরণ

বুদ্ধং সরণং গচ্ছামি
ধম্মং সরণং গচ্ছামি
সঙ্ঘং সরণং গচ্ছামি
দুতিযম্পি, ততিযম্পি।

## পঞ্চশীল

১। পানাতিপাতা বেরমণী সিক্‌খাপদং সমাদিযামি।
২। অদিন্নাদানা বেরমণী সিক্‌খাপদং সমাদিযামি।
৩। কামেসু মিচ্ছাচারা বেরমণী সিক্‌খাপদং সমাদিযামি।
৪। মুসাবাদা বেরমণী সিক্‌খাপদং সমাদিযামি।
৫। সুরামেরয-মজ্জ-পমাদট্‌ঠানা বেরমণী সিক্‌খাপদং সমাদিযামি।

## অষ্টশীল প্রার্থনা

সংসারবত্ত দুক্খতো মুঞ্চিত্বা নিব্বাণং সচ্চিকরণত্থায় ওকাস অহং ভন্তে তিসরণেন সহ অট্ঠঙ্গসমন্নাগতং উপোসথসীলং ধম্মং যাচামি, অনুগ্গহং কত্বা সীলং দেথ মে ভন্তে ।

দুতিযম্পি, ততিযম্পি ।

## অষ্টশীল অধিষ্ঠান

সংসারবত্ত দুক্খতো মুঞ্চিত্বা নিব্বাণং সচ্চিকরণত্থায় ওকাস অহং ভন্তে তিসরণেন সহ অট্ঠঙ্গ সমন্নাগতং উপোসথ সীল অধিঠ্ঠামী ।

দুতিযম্পি, ততিযম্পি ।

## অষ্টশীল

১। পাণাতিপাতা বেরমণী সিক্খাপদং সমাদিযামি ।

২। অদিন্নাদানা বেরমণী সিক্খাপদং সমাদিযামি ।

৩। অব্রহ্মচরিযা বেরমণী সিক্খাপদং সমাদিযামি ।

৪। মুসাবাদা বেরমণী সিক্খাপদং সমাদিযামি ।

৫। সুরা-মেরয-মজ্জ-পমাদট্ঠানা বেরমণী সিক্খাপদং সমাদিযামি ।

৬। বিকালভোজনং বেরমণী সিক্খাপদং সমাদিযামি ।

৭। নচ্চ-গীত-বাদিত-বিসুকদস্সন মালা-গন্ধ-বিলেপন-ধারণ-মন্ডণ-বিভূসনট্ঠানা বেরমণী সিক্খাপদং সমাদিযামি ।

৮। উচ্চ-সযনা মহাসযনা বেরমণী সিক্খাপদং সমাদিযামি ।

## অষ্টশীল উপোসথ ত্যাগ

অষ্টশীল যতক্ষণ পর্যন্ত পালন করবার সংকল্প করার অধিষ্ঠান ও গ্রহণ করা হয়। ততক্ষণ সময় অতীত হলে ভিক্ষুর নিকট উপস্থিত হয়ে বা নিজে নিজে অহং ভন্তে অট্ঠাঙ্গসীল নিক্খিপপামি, পঞ্চঙ্গসীলং সমাদিযামি, দুতিযম্পি.....ততিযম্পি (বলিয়া পঞ্চশীল গ্রহণ করলেই অষ্টশীল বা উপোসথশীল ত্যাগ করা হয়।)

## গৃহী দশশীল প্রার্থনা

ওকাস অহং ভন্তে, তিসরণেন সহ দসসীলং ধম্মং যাচামি, অনুগ্গহং কত্বা সীলং দেথ মে ভন্তে।

দুতিযম্পি, ততিযম্পি।

## প্রব্রজ্যা দশশীল প্রার্থনা

ওকাস অহং ভন্তে, তিসরণেন সহ পব্বজ্জা সামণেরো দস সীলং ধম্মং যাচামি, অনুগ্গহং কত্বা সীলং দেথ মে ভন্তে।

দুতিযম্পি, ততিযম্পি।

## জ্ঞাতিগণের উদ্দেশ্যে পূণ্যদান

ইদং বো ঞাতীনং হোতু সুখিথা হোন্তু ঞাতযো,
ইদং বো ঞাতীনং হোতু সুখিথা হোন্তু ঞাতযো,
ইদং বো ঞাতীনং হোতু সুখিথা হোন্তু ঞাতযো,
উন্নমে উদকং বট্টং যথা নিন্নং পবত্ততি,
এবমেব ইতোদিন্নং পেতানং উপকপ্পতি
যথাবারি বহাপুরা পরিপূরেন্তি সাগরং,

এবমেব ইতোদিন্নং পেতানং উপকপ্‌পতি। এত্তাবতা চ অম্হেহি সম্ভতং পুঞ্‌ঞসম্পদং, সব্বে দেবা, সব্বে সত্তা, সব্বে ভূতা অনুমোদন্তু সব্ব সম্পত্তি সিদ্ধিযা

এবমেব ইতোদিন্নং পেতানং উপকপ্‌পতি। এত্তাবতা চ অম্হেহি সম্ভতং পুঞ্‌ঞসম্পদং, সব্বে দেবা, সব্বে সত্তা, সব্বে ভূতা অনুমোদন্ত সব্ব সম্পত্তি সিদ্ধিযা

এবমেব ইতোদিন্নং পেতানং উপকপ্‌পতি। এত্তাবতা চ অম্হেহি সম্ভতং পুঞ্‌ঞসম্পদং, সব্বে দেবা, সব্বে সত্তা, সব্বে ভূতা অনুমোদন্তু সব্ব সম্পত্তি সিদ্ধিযা

আকাসট্‌ঠা চ ভুম্মাট্‌ঠা দেবনাগা মহিদ্ধিকা, পুঞ্‌ঞংতং অনুমোদিত্বা চিরং রক্‌খন্তু সাসনং ; চিরংরকখন্তু দেসনং; চিরং রকখন্তু মং পরং

আকাসট্‌ঠাচ ভুম্মাট্‌ঠা দেবনাগা মহিদ্ধিকা, পুঞ্‌ঞংতং অনুমোদিত্বা চিরং রক্‌খন্তু সাসনং, চিরংরকখন্তু দেসনং; চিরং রকখন্তু মং পরং

আকাসট্‌ঠাচ ভুম্মাট্‌ঠা দেবনাগা মহিদ্ধিকা, পুঞ্‌ঞংতং অনুমোদিত্বা চিরং রক্‌খন্তু সাসনং চিরংরকখন্তু দেসনং; চিরং রকখন্তু মং পরং

ইমিনা পুঞ্‌ঞকম্মেন মা মে বালা-সমাগমো, সতং সমাগমো হোতু যাব নিব্বান-পত্তিযা,

ইমিনা পুঞ্‌ঞকম্পেন মা মে বালা-সমাগমো, সতং সমাগমো হোতু যাব নিব্বান-পত্তিযা।

ইদংমে পুঞ্‌ঞং আসব খযং বহং হোতু নিববাণস্‌স পচ্চযো হোতু।

ইদংমে পুঞ্‌ঞং আসব খযং বহং হোতু নিববাণস্‌স পচ্চযো হোতু।

ইদংমে পুঞ্‌ঞং আসব খযং বহং হোতু নিববণস্‌স পচ্চযো হোতু।

# বিবাহ-মন্ত্র

## মন্ত্রদাতার উপদ্রব বন্ধ করা

অম্‌হাকং খো পন ভগবা দীপঙ্করপাদমূলতো পট্‌ঠায পঠমং দানপারমী, দুতিযং সীলপারমী, ততিযং নেক্‌খম্মপারমী, চতুত্থং পঞ্‌ঞাপারমী, পঞ্চমং বিরিযপারমী, ছট্‌ঠমং খন্তিপারমী, সত্তমং সচ্চপারমী, অট্‌ঠমং অধিট্‌ঠানপারমী, নবমং মেত্তাপারমী, দসমং উপেক্‌খাপারমী'তি দস পারমিযো, দস উপপারমিযো, দস পরমত্থ পারমিযো'তি সমতিংস পারমিযো পূরেসি। তাসং পারমীনং অনুভাবেন ময্‌যহং সব্বে উপদ্দবা বিনাসমেন্তু।

## বর-কন্যার উপদ্রব বন্ধ করা

পুরত্থিমায দিসায, দক্‌খিণায দিসায, পচ্ছিমায দিসায, উত্তরায দিসায, পুরত্থিমায অনুদিসায, দক্‌খিণায অনুদিসায, পচ্ছিমায অনুদিসায, উত্তরায অনুদিসায, হেট্‌ঠিমায দিসায, উপরিমায দিসায, সব্বে সত্তা, সব্বে পাণা, সব্বে ভূতা, সব্বে পুগ্‌গলা, সব্বে অত্তভাব-পরিযাপন্না, সব্বা ইত্থিযো, সব্বে পুরিসা, সব্বে অরিযা, সব্বে অনরিযা, সব্বে দেবা, সব্বে মনুস্‌সা সব্বে অমনুস্‌সা সব্বে বিনিপাতিকা অবেরা হোন্তু, অব্যাপজ্জা হোন্তু, অনীঘো হোন্তু, সুখী অত্তানং পরিহরন্তু, দুক্‌খা মুঞ্চন্তু, যথালদ্ধ সম্পত্তিতো মা বিগচ্ছন্তু কম্মস্‌সকা। ইমিনা মেত্তানুভাবেন জযম্পতিমো সব্বে উপদ্দবা বিনাসমেন্তু।

## মন্ত্রদাতার গুরু প্রণাম ও শরণ গমন

পঠমং দ্বত্তিংস মহাপুরিসলক্খণ-সম্পন্নং অসীতি অনুব্যঞ্জন-পতিমণ্ডিতং নিরোধসমাপত্তিতো উট্ঠহিত্বা নিসিন্নং বিয ভগবন্তং অরহন্তং সম্মাসম্বুদ্ধং নমামি, দুতিযং আচরিযং নমামি, ততিযং তিরতনং সরণং গচ্ছামি।

## বর কন্যার আসন রক্ষা করা

যং দুন্নিমিত্তং অবমঙ্গলঞ্চ
যো চামনাপো সকুণস্স সদ্দো,
পাপগ্গহো দুস্সু পিনং অকন্তং
বুদ্ধানুভাবেন বিনাসমেন্তু।
ধম্মানুভাবেন বিনাসমেন্তু।
সঙ্ঘানুভাবেন বিনাসমেন্তু।

## বরকে কন্যা সম্প্রদান

তুযহং দীঘরত্তং হিতায সুখায ইমং কঞ্ঞং গণ্হাহি।

## বরের হস্তে কন্যার হস্ত রাখা

দ্বিহত্থং সম্বন্ধং বিয তুম্হেপি সব্বকালং সমগ্গভাবেন বসথ, অঞ্ঞমঞ্ঞং দেব-দেবীনং বিয সংবাসো চ হোতু।

## বর ও কন্যার পদ সংযুক্ত করা

ইদং পাদদ্বযং সম্বন্ধকরণং তুম্হাকং যাবজীবং অঞ্ঞমঞ্ঞং গিহীধম্মং সমাদানায চেব কুসলকম্মং করণত্থায় চ অবিসংযোগস্স পচ্চযো হোতু।

## মন্ত্রদাতা কর্তৃক বর ও কন্যার মঙ্গল কামনা

নত্থি তে সরণং অঞ্‌ঞং বুদ্ধো তে সরণং বরং,
বুদ্ধ তেজেন লোকস্‌স তাণা লেণা পরাযণা,
এতেন সচ্চবজ্জেন হোতু তে জযমঙ্গলং ।
নত্থি তে সরণং অঞ্‌ঞং ধম্মো তে সরণং বরং,
ধম্ম তেজেন লোকস্‌স তাণা লেণা পরাযণা,
এতেন সচ্চবজ্জেন হোতু তে জযমঙ্গলং ।
নত্থি তে সরণং অঞ্‌ঞং সঙ্ঘো তে সরণং বরং,
সঙ্ঘতেজেন লোকস্‌স তাণা লেণা পরাযণা,
এতেন সচ্চবজ্জেন হোতু তে জযমঙ্গলং ।

[তৎপর মন্ত্রদাতাকে বর কন্যার সম্মুখে বেদীর উপর স্থিত স-পল্লব জলপূর্ণ কলসী হতে দুই হাতে দুই পল্লব নিয়ে নিম্নোক্ত মন্ত্রটি পাঠ করতে হবে এবং সাতবার মন্ত্র পাঠ করে সাতবার পল্লব দ্বারা কলসী হতে জল নিয়ে পল্লবস্থিত জল বর কন্যার মস্তকের উপর ছিটিয়ে দিতে হবে ।]

# আবাহ-বিবাহ মঙ্গল কামনা

সিদ্ধিরাজস্‌স সামনে সিদ্ধিকিচ্চঞ্চ কারতো,
সিদ্ধিভাবং সমিজ্ঝন্তু সিদ্ধিলাভা ভবন্তু তে ।
জযন্তো বোধিযা মূলে সক্যানং নন্দিবড্‌ঢনো,
এবমেব জযো হোতু জযস্‌সু জযমঙ্গলে ।
অপরাজিত পল্লঙ্কে সীসে পুথুবিমুক্‌খলে,
অভিসেকে সম্বুদ্ধানং অগ্‌গপ্পত্তো পমোদতি;
এতেন সচ্চবজ্জেন হোতু তে জযমঙ্গলং ।
জয জয মঙ্গলং বোধিপল্লঙ্কং'ব
জয জয মঙ্গলং ধম্মচক্কং'ব
জয জয মঙ্গলং সব্বগুণ-পাণিনং'ব
জয জয মঙ্গলং ঞাণাদিত্তিং'ব
জয জয মঙ্গলং সাধু সুপ্পতিট্‌ঠিতানং'ব ।

# বরকন্যাকে আশীর্বাদ করা

সমসীলা সমসদ্ধা ভবন্তু উভযো সদা,
আযু-বণ্ণং-সুখ-বলং-পাটিভাণং ভবন্তু তে ।
ভবতু সব্বমঙ্গলং রক্‌খন্তু সব্বদেবতা,
সব্ব বুদ্ধানুভাবেন সদা সোত্থি ভবন্তু তে ।
ভবতু সব্বমঙ্গলং রক্‌খন্তু সব্বদেবতা,
সব্ব ধম্মানুভাবেন সদা সোত্থি ভবন্তু তে ।
ভবতু সব্বমঙ্গলং রক্‌খন্তু সব্বদেবতা,
সব্ব সঙ্ঘানুভাবেন সদা সোত্থি ভবন্তু তে ।

# জয়মঙ্গল অট্ঠগাথা

১। বাহুং সহস্সমভিনিম্মিত সাযুধন্তং
গিরিমেখলং উদিত ঘোর-সসেন-মারং,
দানাদি ধম্ম বিধিনা জিতবা মুনিন্দো
তন্তেজসা ভবতু তে জযমঙ্গলানি।

২। মারাতিরেকমভিযুজ্ঝিত সব্বরত্তিং
ঘোরম্পনালবকমক্খমথদ্ধযক্খং,
খন্তী-সুদন্ত বিধিনা জিতবা মুনিন্দো
তন্তেজসা ভবতু তে জযমঙ্গলানি।

৩। নালাগিরিং গজবরং অতিমত্ত ভূতং
দাবগ্গি চক্কমসনীব সুদারুণন্তং,
মেত্তম্বুসেক বিধিনা জিতবা মুনিন্দো
তন্তেজসা ভবতু তে জযমঙ্গলানি।

৪। উক্খিত্তখগ্গমতিহত্থ সুদারুণন্তং
ধাবন্তিযোজনপথ'ঙ্গুলিমালবন্তং,
ইদ্ধিভিসংখতমনো জিতবা মুনিন্দো
তন্তেজসা ভবতু তে জযমঙ্গলানি।

৫। কত্বান কট্ঠমুদরং ইব গব্ভিনীযা
চিঞ্চায দুট্ঠবচনং জনকাযমজ্ঝে,
সন্তেন সোমবিধিনা জিতবা মুনিন্দো
তন্তেজসা ভবতু তে জযমঙ্গলানি।

৬। সচ্চং বিহাযমতিসচ্চকবাদকেতুং
বাদাভিরোপিতমনং অতি অন্ধভূতং,
পঞ্ঞাপদীপজলিতো জিতবা মুনিন্দো
তন্তেজসা ভবতু তে জযমঙ্গলানি।

৭। নন্দোপনন্দভুজগং বিবুধং মহিদ্ধিং
পুত্তেন থেরভুজগেন দমাপযন্তো,
ইদ্ধূপদেস বিধিনা জিতবা মুনিন্দো
তন্তেজসা ভবতু তে জযমঙ্গলানি।

৮। দুগ্গহদিট্ঠি ভুজগেন সুদট্ঠহত্থং
ব্রহ্মং বিসুদ্ধি জুতিমিদ্ধি বকাভিধানং,
ঞাণাগদেন বিধিনা জিতবা মুনিন্দো
তন্তেজসা ভবতু তে জযমঙ্গলানি।

৯। এতাপি বুদ্ধ-জয়মঙ্গল-অট্ঠগাথা
যো বাচকো দিনে দিনে সরতে অতন্দি
হিত্বান'নেক বিবিধানি চুপদ্দবানি
মোক্খং সুখং অধিগমেয্য নরো সপোঞ্ঞো।

# পরিত্রাণ প্রার্থনা

বিপত্তি পটিবাহায সব্বসম্পত্তি সিদ্ধিযা সব্বদুক্খা বিনাসায সব্বভয-বিনাসায, সব্বরোগ-বিনাসায, সব্বন্তরায বিনাসায সব্ব উপদ্দবা বিনাসায ভবে দীঘাযু-দাযকং চিত্তং উজুং করিত্বান পরিত্তং ব্রুথ মঙ্গলং॥

দুতিযম্পি, ততিযম্পি।

## দেবতা আমন্ত্রণ

সমন্ত চক্কাবালেসু অত্রাগচ্ছন্ত দেবতা;
সদ্ধম্মং মুনিরাজস্স, সুনন্ত সগ্গমোক্খদং ।
ধম্মস্সবণকালো অযং ভদন্তা । (৩ বার)

## বিশেষ দেবতা আমন্ত্রণ

যে সন্তা সন্তচিত্তা তিসরণসরণা এত্থলোকন্তরে বা
ভুম্মাভুম্মা চ দেবা গুণগণ-গহণ-ব্যাবটা সব্বাকালং,
এতে আযন্ত দেবা বরকণকমযে মেরুরাজে বসন্তো
সন্তো সন্তোসহেতুং মুনিবর বচনং, সোতুমগ্গং সমগ্গং

## পুণ্য বিতরণ ও উৎসাহ প্রদান

সব্বেসু চক্কবালেসু যক্খা দেবা চ ব্রহ্মণো
যং অম্হেহি কতং পুঞ্ঞং সব্বসম্পত্তি-সাধকং,
সব্বেতং অনুমোদিত্বা সমগ্গা সাসনে রতা
পমাদরহিতা হোন্তু আরক্খাসু বিসেসতো ।
সাসনস্স চ লোকস্স বুড্ঢী ভবতু সব্বদা
সাসনম্পি চ লোকঞ্চ দেবরকখন্তু সব্বদা ।
সদ্ধিং হোন্তু সুখী সব্বে পরিবারেহি অত্তনো ।
অনীঘা সুমনা হোন্তু সহ সব্বেহি ঞাতিভি ।

## দেবতাগণের নিকট ক্ষমা প্রার্থনা

রাজতো বা, চোরতো বা, মনুস্‌সতো বা, অমনুস্‌সতো বা, অগ্‌গিতো বা, উদকতো বা, পিসাচতো বা, খানুকতো বা, কন্টকতো বা, নক্‌খত্ততো বা, জনপদ রোগতো বা, অসধম্মতো বা, অসন্দিট্‌ঠিতো বা, অসপ্পুরিসতো বা, চন্ডহত্থি অস্‌স-মিগ-গোণ-কুক্কুর-অহি-বিচ্ছিক মনিসপ্প-দীপি-অচ্ছ-তরচ্ছ-সুকর মহিস যক্‌খ-রক্‌খসাদীহি, নানা ভযতো বা, নানা রোগতো বা, নানা উপদ্দবতো বা, আরক্‌খং গন্‌হন্তু' দেবতা।

## মহামঙ্গল সুত্র

যং মঙ্গলং দ্বাদসহি চিন্তযিংসু সদেবকা
সোত্থানং নাধিগচ্ছন্তি অট্‌ঠতিংসঞ্চ মঙ্গলং,
দেসিতং দেব'দেবেন সব্বপাপবিনাসনং
সব্বলোকহিতত্থায মঙ্গলং তং ভণামহে।

এবম্মে সুতং-একং-সমযং ভগবা সাবত্থিযং বিহরতি জেতবনে অনাথপিণ্ডিকস্‌স আরামে। অথখো অঞ্ঞতরা দেবতা অভিক্কন্তায রত্তিযা অভিক্কন্তবণ্ণা কেবলকপ্পং জেতবনং ওভাসেত্বা যেন ভগবা তেনুপসঙ্কমি, উপসঙ্কমিত্বা ভগবন্তং অভিবাদেত্বা একমন্তং অট্‌ঠাসি। একমন্তং ঠিতা খো সা দেবতা ভগবন্তং গাথায অজ্‌ঝভাসি।

১। বহু দেবা মনুস্‌সা চ মঙ্গলানি অচিন্তযুং,
আকঙ্খমানা সোত্থানং ব্রুহি মঙ্গলমুত্তমং।

২। অসেবনা চ বালানং, পন্ডিতানঞ্চ সেবনা,
পূজা চ পূজনীযানং, এতং মঙ্গলমুত্তমং।

৩। পতিরূপদেসবাসো চ, পূব্বে চ কতপুঞ্‌ঞতা
অত্তসম্মাপণিধি চ এতং মঙ্গলমুত্তমং।

৪। বাহুসচ্চঞ্চ সিপ্পঞ্চ, বিনযো চ সুসিকিখতো,
সুভাসিতা চ যা বাচা, এতং মঙ্গলমুত্তমং।

৫। মাতা-পিতু উপট্‌ঠানং, পুত্তদারস্‌স সঙ্গহো,
অনাকুলা চ কম্মন্তা, এতং মঙ্গলমুত্তমং।

৬। দানঞ্চ ধম্মচরিযা চ ঞাতকানঞ্চ সঙ্গহো,
অনবজ্জানি কম্মানি, এতং মঙ্গলমুত্তমং।

৭। অরতি বিরতি পাপা, মজ্জপানা চ সঞঞমো,
অপ্পমাদো চ ধম্মেসু, এতং মঙ্গলমুত্তমং।

৮। গারবো চ নিবাতো চ সন্তুট্‌ঠি চ কতঞ্‌ঞুতা,
কালেন ধম্মসবণং, এতং মঙ্গলমুত্তমং।

৯। খন্তী চ সোবচস্‌সতা, সমণানঞ্চ দস্‌সনং,
কালেন ধম্মসাকচ্ছা, এতং মঙ্গলমুত্তমং।

১০। তপো চ ব্রহ্মচরিযঞ্চ অরিযসচ্চান দস্‌সনং,
নিব্বাণংসচ্ছিকিরিযা চ এতং মঙ্গলমুত্তমং।

১১। ফুট্‌ঠস্‌স লোকধম্মেহি চিত্তং যস্‌স নকম্পতি,
অসোকং বিরজং খেমং, এতং মঙ্গলমুত্তমং।

১২। এতাদিসানি কত্বান সব্বত্থমপরাজিতা,
সব্বত্থ সোত্থিংগচ্ছন্তি, তং তেসং মঙ্গলমুত্তমংতি।

# করণীয় মৈত্রী সূত্র

যস্‌সানুভাবতো যক্‌খা, নেবদস্‌সেন্তিং ভিংসনং,
যম্‌হি চেবানুযুঞ্জন্তো রত্তিংদিবমতন্দিতো ।
সুখংসুপতি সুত্তো চ পাপং কিঞ্চি ন পস্‌সতি,
এবমাদি গুণোপেতং পরিত্তং তং ভণাম হে ।

১ । করণীয মত্থকুসলেন যন্তং সন্তং পদং অভিসমেচ্চ,
সক্কো উজুচ সুজু চ সুবচো চস্‌স মৃদু অনতিমানী ।

২ । সন্তুস্‌সকো চ সুভরো চ অপ্পকিচ্চো চ সল্লহুক বুত্তি
সন্তিন্দ্রিযো চ নিপকো চ অপ্পগব্‌ভো কুলেসু অননুগিদ্ধো ।

৩ । ন চ খুদ্দং সমাচরে কিঞ্চি যেন বিঞ্‌ঞু পরে উপবদেয্যুং,
সুখীনো বা খেমিনো হোন্তু সব্বে সত্তা ভবন্তু সুখীতত্তা ।

৪ । যে কেচি পাণভুতত্থি তসা বা থাবরা বা অনবসেসা,
দীঘা বা যে মহন্তা বা মজ্ঝিমা রস্‌সা অণুকথুলা ।

৫ । দিট্‌ঠা বা যেচ অদিট্‌ঠা যে চ দূরে বসন্তি অবিদূরে,
ভুতা বা সম্ভবেসী বা সব্বে সত্তা ভবন্তু সুখিতত্তা ।

৬ । ন পরো পরং নিকুব্বেথ, নাতিমঞ্‌ঞেথ কত্থচি নং কিঞ্চি,
ব্যারোসনা পটিঘসঞ্‌ঞা নাঞ্‌ঞমঞ্‌ঞস্‌স দুক্‌খমিচ্ছেয্য ।

৭ । মাতা যথা নিযং পুত্তং আযুসা একপুত্তমনুরক্‌খে
এবম্পি সব্বভুতেসু মানসং ভাবযে অপরিমাণং ।

৮ । মেত্তঞ্চ সব্বলোকস্মিং মানসং ভাবযে অপরিমানং,
উদ্ধং অধো চ তিরিযঞ্চ অসম্বাধং অবেরমসপত্তং ।

৯ । তিট্‌ঠংচরং নিসিন্নোবা সযনো বা যাবতস্‌স বিগতমিদ্ধো,
এতং সতিং অদিট্‌ঠেয্য ব্রহ্ম'মেতং বিহারমিধ'মাহু ।

১০ । দিট্‌ঠিঞ্চ অনুপগম্ম সীলবা দস্‌সনেন সম্পন্নো,
কামেসু বিনেয্য গেধং ন হি জাতু গব্‌ভসেয্যং পুনরেতী'তি ।

# সীবলী পরিত্তং

পুরেন্তং পারমী সব্বা সব্বে পচ্চেক নাযকা,
সীবলী গুণতেজেন পরিত্তং তং ভণমহে;
(ন জালিতীতি জালিতাবী আ,ই,উ,আম
ইস্বাহা বুদ্ধসামি বুদ্ধসত্যম্)

১। পুদুমুত্তরো নাম জিনো সব্বধম্মেসু চক্খুমা,
ইতো সতসহস্সম্হি কপ্পে উপ্পজি নাযকো।

২। সীবলী চ মহাথেরো সো'রহো পচ্চযাদিনং,
পিযোদেবমনুস্সানং পিযো ব্রাহ্মণ মুত্তমং;
পিযোনাগ সুপন্নানং পীণীন্দ্রিযং নমামহং।

৩। নাসং সীমো চ মোসীসং নামজালীতি সংজলিং,
সদেব-মনুস্স পূজিতং সব্বলাভা ভবন্তু মে।

৪। সত্তাহং দ্বারমূলে হাহং মহাদুক্খ সমপ্পিতো,
মাতা মে ছন্দদানেন এবমাসি সুদুকিখতো।

৫। কেসেসু ছিজ্জমানেসু অরহত্তমপাপুনিং,
দেব নাগ-মনুস্সা চ পস্সযানুপনেন্তি মে।

৬। পদুমুত্তর নামঞ্চ বিপস্সিং চ বিনাযকং,
সংপূজযিং পমুদিতো পচ্চযেহি বিসেসতো।

৭। ততো তেসংবিসেসেন কম্মানং বিপুলুত্তমং,
লাভং লভামিসব্বত্থ বনে গামে জলে থলে।

৮। তদাদেবো পণীতেহি মমত্থায মহামতি,
পচ্চযেহি মহাবীরো সসংঘো লোকনাযকো।

৯। উপটিঠতো মযাবুদ্ধো গন্ত্বা রেবতমদ্দস,
তো জেতবনংগন্ত্বা এতদগ্গে ঠপেসিমং।

১০। রেবতং দস্সনত্থায যদা যাতি বিনাযকো,
তিংসভিক্খু সহস্সেহি সহ লোকগ্গ নাযকো।

১১ । লাভীনং সীবলী অগ্‌গো মমসিসেসু ভিক্‌খবো,
সব্বলোকহিতো সত্থাকিত্তযী পরিসাসু মং ।
১২ । কিলেসা ঝাপিতা মযহং ভবা সব্বে সমূহতা,
নাগোব বন্ধনং ছেত্বা বিহরামি অনাসবো ।
১৩ । সাগতং বত মে আসি বুদ্ধসেট্‌ঠস্‌স সন্তিকং,
তিস্‌সো বিজ্জা অনুপ্পত্তো কতং বুদ্ধস্‌স সাসনং ।
১৪ । পটিসম্ভিদা চতস্‌সো চ বিমোক্‌খাপি চ অট্‌ঠিমে,
ছলভিঞ্‌ঞা সচ্ছিকতা কতং বুদ্ধস্‌স সাসনং ।
১৫ । বুদ্ধপুত্তো মহাথেরো সীবলী জিনসাবকো,
উগ্‌গতেজো মহাবীরো তেজসা জিনসাসনং ।
১৬ । রক্‌খন্তা সীলতেজেন ধনবন্তো যস্‌সসিনো,
এবং তেজানুভাবেন সদা রক্‌খন্ত সীবলী ।
১৭ । কপ্পট্‌ঠাযীতি বুদ্ধস্‌স বোধিমূলে নিসীদযি,
মারসেনপ্পমদ্দন্তো, সদা রক্‌খন্ত সীবলী ।
১৮ । দসপামিতপত্তো পব্বজ্জিজিনসাসনে,
গোতমং সক্য পুত্তোসি থেরেন মম সীবলী ।
১৯ । মহাসাবকা অসীতীসু পুন্নত্থেরো যসস্‌ণিনো,
ভবভোগে অগ্‌গলাভীসু উত্তমঙ্গেন সীবলী ।
২০ । এবং অচিন্তিযা বুদ্ধা বুদ্ধ-ধম্মা অচিন্তিযা
অচিন্তিযেসু পসন্নানং বিপাকো হোতি অচিন্তিযো ।
২১ । তেসং সচ্চেন সীলেন খন্তি মেত্তবলেন চ,
তেপি মং অনুরক্‌খন্ত সব্বদুক্‌খ বিণাসনং ।
২২ । তেসং সচ্চেন সীলেন খন্তি মেত্তবলেন চ,
তেপি মং অনুরক্‌খন্ত সব্বভযবিনাসনং ।
২৩ । তেসং সচ্চেন সীলেন খন্তি মেত্তবলেন চ,
তেপি মং অনুরক্‌খন্ত সব্বরোগ বিণাসনং ।

# মোর পরিত্রাণ

পূরেন্তং বোধিসম্ভারে নিব্বত্তং মোরযোনিযং,
যেন সংবিহিতারক্খং মহাসত্তং বনেচরা
চিরস্সং বাযমন্তাপি নেব সক্খিংসু গণিহতুং,
ব্রহ্মমন্তন্তি অক্খাতং পরিত্তং তং ভণাম হে ।

১ । উদেতযং চক্খুমা একরাজা
হরিস্‌বণ্ণো পঠবিপ্পভাসো ।
তং তং নমস্সামি হরিস্সবণ্ণং পঠবিপ্পভাসং,
তযজ্জগুত্তা বিহরেমু দিবসং ।

২ । যে ব্রাহ্মণা বেদগূ সব্বধম্মে
তে মে নমো তে চ মং পালযন্তু,
নমত্থু বুদ্ধানং নমত্থু বোধিযা
নমো বিমুত্তানং, নমো বিমুত্তিযা
ইমং সো পরিত্তং কত্বামোরো চরতি এসনা ।

৩ । অপেতযং চক্খুমা একরাজা,
হরিস্সবণ্ণো পঠবিপ্পভাসো,
তং তং নমস্সামি হরিস্সবণ্ণং পঠবিপ্পভাসং
তযজ্জগুত্তা বিহরেমু রত্তিং ।

৪ । যে ব্রাহ্মণা বেদগূ সব্বধম্মে
তে মে নমো তে চ মং পালযন্তু ।
নমত্থু বুদ্ধানং নমত্থু বোধিযা
নমো বিমুত্তানং, নমো বিমুত্তিযা
ইমং সো পরিত্তং কত্বা মোরো বাসমকপ্পযীতি ।

**বিঃ দ্রঃ-** বোধিসম্ভার পূর্ণ করবার সময় বোধিসত্ত্ব ময়ূর কূলে জন্ম গ্রহণ করেছিলেন। সকাল-বিকাল মোর পরিত্রাণ পাঠ করিয়া ৭০০ বৎসরকাল সেই ময়ূর দিবা-রাত্রি নিরূপদ্রবে তথায় বাস করেছিলেন। অতএব, দেখা যায় উপরিউক্ত পরিত্রাণ সূত্রটি প্রত্যেকে প্রতিদিন নিয়মিত পাঠ করলে সার্বিক মঙ্গল সাধিত হবে।

## বোজ্ঝাঙ্গ পরিত্রাণ

সংসারে সংসরন্তানং সব্বদুক্খবিনাসনে,
সত্তধম্মে চ বোজ্ঝাঙ্গে মারসেনপ্পমদ্দিনো।
বুজ্ঝিত্বা যেপি মে সত্তা তিভব মুত্তকুত্তমা,
অজাতিং অজরা ব্যাধিং অমতং নিব্ভযং গতা।
এবমাদি গুণুপেতং অনেকগুণসংগহং,
ওসধঞ্চ ইমং মন্তং বোজ্ঝঙ্গন্তং ভণাম হে ।।

১। বোজ্ঝাঙ্গো সতিসংখাতো ধম্মানং বিচযোতথা,
বীরিযংপীতি পস্সদ্ধি বোজ্ঝঙ্গা চ তথাপরে।

২। সমাধুপেক্খা বোজ্ঝঙ্গা সত্তেতে সব্বদস্সিনা;
মুনিনা সম্মদক্খাতা ভাবিতা বহুলীকতা।

৩। সংবত্তন্তি অভিঞ্ঞঞায নিব্বাণায চ বোধিযা,
এতেন সচ্চবজ্জেন সোত্থি তে হোতু সব্বদা।

৪। একস্মিং সমযে নাথো মোগ্গলানঞ্চ কস্সপং,
গিলানে দুক্খিতে দিস্বা বোজ্ঝঙ্গে সত্ত দেসযি।

৫। তে চ তং অভিনন্দিত্বা, রোগা মুঞ্চিংসু তং খণে
এতেন সচ্চবজ্জেন সোত্থি তে হোতু সব্বদা।

৬ ।  একদা ধম্মরাজা’পি গেলঞ্ঞেনাভিপীলিতো,
চুন্দত্থেরেণ তঞ্ঞেব ভণাপেত্বান সাদরং ।
৭ ।  সম্মোদিত্বা চ আবাধা তমহা বুট্‌ঠসিঠানসো,
এতেন সচ্চবজ্জেন সোত্থি তে হোতু সব্বদা ।
৮ ।  পহীনা তে চ আবাধা তিণ্নন্নম্পি মহেসীনং,
মগ্‌গাহত কিলেসাব পত্তানুপত্তি ধম্মতং ।
এতেন সচ্চবজ্জেন সোত্থি তে হোতু সব্বদা ।

[বিঃ দ্রঃ- মহাকশ্যপ একসময় পীড়িত হয়ে পড়েন । ভগবান নিজে গিয়ে এ বোজ্ঝাঙ্গ পরিত্রাণ পাঠ করায় তাঁর রোগ নিরাময় হয় ।]

## অঙ্গুলিমাল পরিত্রাণ

পরিত্তং যং ভণন্তস্‌স নিসিন্নটঠানধোবনং,
উদকম্পি বিনাসেতি সব্বমেব পরিস্‌সযং ।
সোত্থিনা গব্‌ভমুটঠানং যঞ্চ সাধেতি তং খণে,
থেরস্‌স অঙ্গুলিমালস্‌স লোকনাথেন ভাসিতং ।
কপ্পটঠাযিং মহাতেজং পরিত্তং তং ভণাম হে ।।
যতো’হং ভগিণী ! অরিযায জাতিযা জাতো,
নাভিজানামি সঞ্চিচ্চ পাণং জীবিতা বোরোপেতা
এতেন সচ্চেন সোত্থি তে হোতু গব্‌ভস্‌স । (৩ বার)

[বিঃ দ্রঃ- গর্ভ যন্ত্রনা হতে মুক্তিলাভের জন্য বুদ্ধ, অঙ্গুলিমাল থেরকে নির্দেশ প্রদান করেন, প্রসব বেদনা উপশমকারী এই পরিত্রাণ আবৃত্তি করার জন্য ।]

# সপ্ত অপরিহানীয় ধর্ম্ম

একদা ভগবান বুদ্ধ বৈশালীর সারন্দদ চৈত্যে বৃজিদের সন্মিলিত করে সপ্ত অপরিহানীয় ধর্ম্ম সমন্ধে উপদেশ দিয়েছিলেন। বৃজিগণ ভগবান বুদ্ধের প্রদত্ত নিম্নোক্ত উপদেশগুলি যথাযথভাবে প্রতিপালন করে প্রাচীন ভারতে নিজেদের অজেয় এবং উন্নত জাতিতে পরিণত করেছিলেন।

১। সভা-সমিতির মাধ্যমে যারা সর্বদা একত্রিত হয়-তাদের সর্বদা শ্রীবৃদ্ধি হয়।

২। যারা একতাবদ্ধভাবে সভা-সমিতিতে সম্মিলিত হয়, সভা শেষ হলে একত্রে চলে যায় এবং কোন প্রকার নতুন করণীয় উপস্থিত হলে সকলে মিলিতভাবে সম্পাদন করে-তাদের সর্বদা উন্নতি হয়ে থাকে এবং অবনতির পথ রুদ্ধ হয়ে যায়।

৩। যারা সামাজিক কিংবা রাষ্ট্রীয় ক্ষেত্রে নতুন কোন প্রকার দূর্নীতি চালু করে না, পূর্ব প্রচলিত সুনীতির উচ্ছেদ সাধনও করে না এবং প্রাচীন নীতিগুলি যথাযথভাবে পালন করে চলে-সর্বদা তাদের শ্রীবৃদ্ধিই হয়ে থাকে, পরিহানি হয় না।

৪। যারা বয়োবৃদ্ধদের সৎকার করে, তাঁদের প্রতি গৌরব প্রদর্শন করে, সম্মান ও পূজা করে এবং তাঁদের আদেশ পালন করা উচিত বলে মনে করে-পারিবারিক জীবনে সর্বদা তাঁরা উন্নতি লাভ করে থাকে।

৫। যারা অন্য কুলবধু ও কুলকুমারীদেরকে বলপূর্বক ধরে এনে স্বীয় গৃহে আবদ্ধ করে রাখে না বা তাদের প্রতি কোন প্রকার অন্যায় আচরণ করে না-পারিবারিক জীবনে সর্বদা তাদের শ্রীবৃদ্ধিই হয়ে থাকে, কখনও পরিহানি হয় না।

৬। যারা স্বগ্রামের বাইরে  কিংবা অভ্যন্তরে পূর্বপুরুষগণের নির্মিত যে সমস্ত চৈত্য আছে, সেগুলির যথাযথ সংস্কারসাধন করে, রীতিমত পূজা-সৎকার করে এবং সেই চৈত্যগুলির উদ্দেশ্য পূর্বপুরুষদের প্রদত্ত সম্পত্তি নিজেরা ভোগ না করে চৈত্যের কাজে ব্যয় করে থাকে-পারিবারিক জীবনে তাদের সর্বদা উন্নতিই হয়ে থাকে কখনও অবনতি হয় না।

৭।  যারা অর্হৎ ও শীলবান ভিক্ষুগনকে প্রয়োজনীয় দ্রব্যাদি (চতুপ্রত্যয়) দান দিয়ে সেবা ও রক্ষা করে, তাদের সর্ববিধ সুখ সুবিধার ব্যবস্থা করে দেয়, দেশে যে সকল গুণী প্রজ্ঞাবান ভিক্ষু সংঘ আগমন করে নাই, কি প্রকারে তাঁদেরকে আনায়ন করা যায় সেই চিন্তা করে এবং স্বগ্রামে অবস্থিত অর্হৎ ও শীলবান ভিক্ষুগণ নিরাপদে অবস্থান করছেন কিনা সর্বদা সন্ধান নিয়ে থাকে-পারিবারিক জীবনে সর্বদা তাদের শ্রীবৃদ্ধিই হয়ে থাকে, কখনও পরিহানি হতে পারে না।

## মৈত্রী ভাবনা

[নিম্নোক্ত 'মৈত্রী ভাবনা' বন্দনা করার পর অথবা শয়ন করার সময় আবৃত্তি করলে শত্রুহীন হয়, কোনোরূপ উপদ্রব থাকে না, সুখে নিদ্রা হয়, দুঃস্বপ্ন দেখে না এবং সুখে দিনাতিপাত করা যায়। কাজেই এটা প্রতিদিন পাঠ করা উচিত।]

১। অহং অবেরো হোমি, অব্যাপজ্জো হোমি, অনীঘো হোমি, সুখী অত্তানং পরিহরামি। অহং বিয মযহং আচরিযুপজ্ঝায মাতা-পিতরো

হিতসত্তা, মজ্ঝত্তিকসত্তা, বেরীসত্তা অবেরা হোন্ত, অব্যাপজ্ঝা হোন্ত, অনীঘা হোন্ত, সুখী অত্তানং পরিহরন্ত, দুকখা মুঞ্চন্ত, যথালদ্ধসম্পত্তিতো মা বিগচ্ছন্ত, কম্মস্‌সকা ।

২ । ইমস্মিং বিহারে, ইমস্মিং গোচরগামে, ইমস্মিং নগরে, ইমস্মিং জনপদে, ইমস্মিং বঙ্গদেশে, ইমস্মিং জম্বুদ্বীপে, ইমস্মিং চক্কবালে ইস্‌সরজনা সীমট্‌ঠকদেবতা, সব্বে সত্তা অবেরা হোন্তু, অব্যাপজ্জা হোন্তু, অনীঘা হোন্তু, সুখী অত্তানং পরিহরন্তু, দুক্‌খা মুঞ্চন্তু যথালদ্ধসম্পত্তিতো মা বিগচ্ছন্তু, কম্মস্‌সকা ।

৩ । পুরত্থিমায দিসায, দক্‌খিণায দিসায, পচ্ছিমায দিসায, উত্তরায দিসায; পুরত্থিমায অনুদিসায, দক্‌খিনায অনুদিসায, পচ্ছিমায অনুদিসায, উত্তরায দিসায; হেট্‌ঠিমায দিসায, উপরিমায দিসায সব্বে সত্তা, সব্বে পাণা, সব্বে ভূতা, সব্বে পুগ্‌গলা, সব্বে অত্তভাবপরিযাপন্না, সব্বা ইত্থিযো, সব্বে পুরিসা, সব্বে অরিযা, সব্বে অনরিযা, সব্বে দেবা, সব্বে মনুস্‌সা, সব্বে অমনুস্‌সা, সব্বে বিনিপাতিকা, অবেরা হোন্তু, অব্যাপজ্জা হোন্তু, অনীঘা হোন্তু, সুখী অত্তানং পরিহরন্তু, দুক্‌খা মুঞ্চন্তু যথালদ্ধসম্পত্তিতো মা বিগচ্ছন্তু কম্মস্‌সকা ।

৪ । পুরত্থিমস্মিং দিসাভাগে সন্তি ভূতা মহিদ্ধিকা,
তেপি মং অনুরক্‌খন্ত আরোগ্যেন সুখেন চ ।

দক্খিণস্মিং দিসাভাগে সন্তি দেবা মহিদ্ধিকা,
তেপি মং অনুরক্খন্ত আরোগ্যেন সুখেন চ ।
পচ্ছিমস্মিং দিসাভাগে সন্তি নাগা মহিদ্ধিকা,
তেপি মং অনুরক্খন্ত আরোগ্যেন সুখেন চ ।
উত্তরস্মিং দিসাভাগে সন্তি যক্খা মহিদ্ধিকা,
তেপি মং অনুরক্খন্ত আরোগ্যেন সুখেন চ ।
পুরত্থিমেন ধতরট্ঠো, দক্খিণেন বিরূলহকো,
পচ্ছিমেন বিরূপক্খো কুবেরো উত্তরং দিসং ।
চত্তারো তে মহারাজা লোকপালা যসস্সিনো,
তেপি মং অনুরক্খন্ত আরোগ্যেন সুখেন চ ।

প্রশ্নোত্তরে

# বুদ্ধ ও বৌদ্ধধর্ম

১. ধর্ম কাকে বলে?

উত্তরঃ যে কাজ করলে সৎভাবে বেঁচে থাকা এবং সকল জীবের কল্যাণ হয় তাই ধর্ম।

২. আমাদের ধর্মের নাম কি?

উত্তরঃ বৌদ্ধ ধর্ম

৩. বৌদ্ধ ধর্মের প্রবর্তক কে?

উত্তরঃ গৌতম বুদ্ধ।

৪. কোন সালে কুমার গৌতমের জন্ম হয়?

উত্তরঃ খ্রিষ্ট অব্দে পূর্ব ৬২৩।

৫. বুদ্ধ কে?

উত্তরঃ যিনি সর্বজ্ঞ বা সব কিছু জ্ঞাত তিনিই বুদ্ধ।

৬. বুদ্ধ অর্থ কি?

উত্তরঃ বুদ্ধ অর্থ জ্ঞানী।

৭. বুদ্ধ কাকে বলে?

উত্তরঃ যিনি জন্ম জন্মান্তরে পারমীসমূহ পরিপূর্ণ করে বোধিদ্রুম মূলে উপবিষ্ট হয়ে মহাঋদ্ধি বলে সসৈন্য মাররাজকে পরাজিত করে সম্বোধি লাভ করেন তাঁকে বুদ্ধ বলে।

৮. বুদ্ধকে তথাগত বলা হয় কেন?

উত্তরঃ অতীত, বর্তমান, ভবিষ্যত সম্পর্কে অবহিত ছিলেন। নির্বাণে উপনীত হয়েছেন, বুদ্ধগণের প্রদর্শিত পথে গমন করেছেন বলে।

৯.	বুদ্ধ কয় প্রকার ও কি কি?

উত্তরঃ	তিন প্রকার। যথা (ক) সম্যক সম্বুদ্ধ, (খ) প্রত্যেক বুদ্ধ, (গ) শ্রাবক বুদ্ধ।

১০.	সম্যক সম্বুদ্ধ কাকে বলে?

উত্তরঃ	যিনি জন্ম-জন্মান্তরে পারমীসমূহ পূর্ণ করে স্বয়ং সাধনা বলে সমস্ত আসক্তি ক্ষয় করে সর্বজ্ঞতা জ্ঞান লাভ করে নির্বাণ সাক্ষাৎ করেন এবং অপরের কল্যাণার্থে নির্বাণ মার্গ প্রচার করেন, তাঁকে সম্যক সম্বুদ্ধ বলে।

১১.	প্রত্যেক বুদ্ধ কাকে বলে?

উত্তরঃ	যিনি নিজের সাধনায় সিদ্ধিলাভ করে বুদ্ধ হয়ে নির্বাণ সাক্ষাৎ করে এবং অপরের কল্যাণার্থে নির্বাণ মার্গ প্রচার করে না, তাঁকে প্রত্যেক বুদ্ধ বলে।

১২.	শ্রাবক বুদ্ধ কাকে বলে?

উত্তরঃ	যিনি কোন সম্যক সম্বুদ্ধের বাণী শ্রবণ ও নির্দেশিত পথ অনুসরণ করে নির্বাণ সাক্ষাৎ করেন তাঁকে শ্রাবক বুদ্ধ বলে।

১৩.	বর্তমানে কোন বুদ্ধের ধর্ম বা শাসন চলছে?

উত্তরঃ	“সম্যক সম্বুদ্ধ” গৌতম বুদ্ধের।

## সাতটি কারণে উপাসক-উপাসিকার পরাজয় হয়।

১। ভিক্ষু সংঘ দর্শন হতে বঞ্চিত থাকা।
২। সদ্ধর্ম শ্রবণ থেকে বঞ্চিত থাকা।
৩। শীল শিক্ষা গ্রহণ ও পালন থেকে বঞ্চিত থাকা।
৪। বুদ্ধ-ধর্ম-সংঘ ত্রিরত্নের প্রতি অশ্রদ্ধা ও অপ্রসন্ন হওয়া।
৫। স্থবির ভিক্ষু, নবীন ভিক্ষু কি বা সদ্ধর্ম দেশনা করবে? এই ধারনায় বিশৃংখল চিত্তে যারা ধর্ম শ্রবণ করে।
৬। যারা পুদ্‌গলের(ব্যক্তির) দোষ অন্বেষণ করে।
৭। বুদ্ধ শাসনের বাহিরে দানাদি দেবার পাত্র অন্বেষণ করে।

## এই সাতটি কারণে উপাসক উপাসিকার পরাজয় হয়।

### উপাসকের দশ প্রকার গুণ কি?

১। বুদ্ধ শাসনে উপাসক মাত্রই সংঘের সাথে সর্বদা সুখ-দুঃখের ভাগি হন।
২। সদ্ধর্মকে নিজ অধিপতিরূপে গ্রহণ করেন।
৩। যথাশক্তি প্রাপ্ত বস্তুর ভাগ অপরকে দেবার জন্য অনুরাগী হন।
৪। বুদ্ধ শাসনের পরিহানী দেখে, সদ্ধর্মের উন্নতির জন্য উদ্যমশীল হন।
৫। সম্যক হন মাঙ্গলিক বস্তু ব্যবহারে কৌতুহল ত্যাগ করেন।
৬। প্রাণান্তেও অপর শাস্তার আশ্রয় গ্রহণ করেন না, অর্থাৎ ধর্মমত গ্রহণ করেন না।
৭। প্রাণী হত্যা, চুরি, মিথ্যা কামাচার এই ত্রিবিধ কায়িক অকুশল,

মিথ্যা, কটুভেদবাক্য এই চারি বাচনিক অকুশল কার্য হইতে বিরত থাকেন ।

৮ । তিনি সর্বদা ঐক্যে আনন্দ অনুভব করেন, ঐক্য বিধানে রত হন ।

৯ । তিনি অসূয়া বিহীণ হন, কুহক বা প্রবঞ্চনা দ্বারা শাসনে বিচরন করেন না ।

১০ । তিনি বুদ্ধের শরণাগত হন, ধর্মের শরণাগত হন, সংঘের শরণাগত হন ।



**বিঃ দ্রঃ-** ভিক্ষু বন্দনা ও শীলাদি প্রার্থনায় বহু বচনে অহং এর স্থলে মযং, যাচমির স্থলে যাচাম এবং মে এর স্থলে নো বলা যায় ।

সব্ব পাপস্‌স অকরণং কুসলস্‌স উপসম্পদা
সচিত্ত পরিযোদপণং এতং বুদ্ধান সাসনং।
সব রকম পাপ কর্ম থেকে বিরতি, কুশল কর্ম করা আর নিজের
চিত্তের বিশোধন- ইহাই বুদ্ধের অনুশাসন।

*"Wherever the Buddha's teachings have flourished,*

*either in cities or countrysides,*

*people would gain inconceivable benefits.*

*The land and people would be enveloped in peace.*

*The sun and moon will shine clear and bright.*

*Wind and rain would appear accordingly,*

*and there will be no disasters.*

*Nations would be prosperous*

*and there would be no use for soldiers or weapons.*

*People would abide by morality and accord with laws.*

*They would be courteous and humble,*

*and everyone would be content without injustices.*

*There would be no thefts or violence.*

*The strong would not dominate the weak*

*and everyone would get their fair share."*

✻THE BUDDHA SPEAKS OF
THE INFINITE LIFE SUTRA OF
ADORNMENT, PURITY, EQUALITY
AND ENLIGHTENMENT OF
THE MAHAYANA SCHOOL✻

With bad advisors forever left behind,
From paths of evil he departs for eternity,
Soon to see the Buddha of Limitless Light
And perfect Samantabhadra's Supreme Vows.

The supreme and endless blessings
of Samantabhadra's deeds,
I now universally transfer.
May every living being, drowning and adrift,
Soon return to the Pure Land of Limitless Light!

**✻ The Vows of Samantabhadra ✻**

I vow that when my life approaches its end,
All obstructions will be swept away;
I will see Amitabha Buddha,
And be born in His Western Pure Land of
Ultimate Bliss and Peace.

When reborn in the Western Pure Land,
I will perfect and completely fulfill
Without exception these Great Vows,
To delight and benefit all beings.

**✻ The Vows of Samantabhadra Avatamsaka Sutra ✻**

# DEDICATION OF MERIT

May the merit and virtue
accrued from this work
adorn Amitabha Buddha's Pure Land,
repay the four great kindnesses above,
and relieve the suffering of
those on the three paths below.
May those who see or hear of these efforts
generate Bodhi-mind,
spend their lives devoted to the Buddha Dharma,
and finally be reborn together in
the Land of Ultimate Bliss.
Homage to Amita Buddha!

**NAMO AMITABHA**

南無阿彌陀佛

《孟加拉文：BENGALI DAILY PRAYER BOOK －
DHAMMA ACHARAN BIDHI 日常課誦本》
財團法人佛陀教育基金會 印贈
台北市杭州南路一段五十五號十一樓
Printed and donated for free distribution by
**The Corporate Body of the Buddha Educational Foundation**
11F., 55 Hang Chow South Road Sec 1, Taipei, Taiwan, R.O.C.
Tel: 886-2-23951198 , Fax: 886-2-23913415
Email: overseas@budaedu.org
Website: http://www.budaedu.org
Mobile Web: m.budaedu.org
**This book is strictly for free distribution, it is not to be sold.**
এই বই সম্পূর্ণ বিনামূল্যে বিতরণের জন্য, বিক্রয়ের জন্য নহে।
Printed in Taiwan
10,000 copies; October 2016
**BA049 - 14496**